minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com




বৃহস্পতিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭২ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২২ আষাঢ় ১৪৩০ ॥ ১৭ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৬ জুলাই ২০২৩



## তত্ত্বাবধায়ক সরকার ইস্যুতে বিএনপির সাথে কোনো আলোচনা নয়



**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান বলেছেন, 'নির্বাচন হবে সংবিধান মোতাবেক। বিএনপি যদি এই দাবি মেনে নিয়ে নির্বাচনে অংশ নেয় তবে তাদের সঙ্গে সংলাপ হবে। তত্ত্বাবধায়ক ২-এর পাতায় দেখুন

## সিটি নির্বাচনের মতোই অবাধ-সুষ্ঠু হবে জাতীয় নির্বাচন



**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সিটি করপোরেশন নির্বাচন যেভাবে হয়েছে শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠু ও অবাধ, আগামী জাতীয় নির্বাচনও এভাবে সম্পন্ন হবে। এখানে সরকার কোন হস্তক্ষেপ করবে না।

## ইইউ রাষ্ট্রদূতকে বলেছি নির্দলীয় সরকার ছাড়া নির্বাচন সম্ভব নয়



**নিজস্ব প্রতিবেদক :** নির্দলীয় নিরপেক্ষ সরকারের বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের বক্তব্য কী, জানতে চাইলে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল বলেন, তারা অনেকবার বলেছেন যে তারা বাংলাদেশে একটা অবাধ, সুষ্ঠু, গ্রহণযোগ্য নির্বাচন চান, ২-এর পাতায় দেখুন

## প্রতিটি খাদ্যপণ্য সংরক্ষণ করব, কারও কাছে হাত পাতব না : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** কিছুদিন আগে কাঁচা মরিচের দাম অস্বাভাবিক হারে বেড়ে যায়। এর আগে পেঁয়াজের দাম বাড়ে। ফলে বিদেশ থেকে আমদানি করতে হয়। এজন্য প্রতিটি খাদ্যপণ্য সরকার সংরক্ষণের ব্যবস্থা করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, যাতে কারও কাছে হাত পাততে না হয়।

গতকাল বুধবার দুপুরে 'প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট'- এর ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী জানান, জাতির জনকের পদাঙ্ক ২-এর পাতায় দেখুন

## চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসতে

# আওয়ামী লীগের ভাবনা



**নিজস্ব প্রতিবেদক :** আসছে জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে দেশের অভ্যন্তরীণ বিরোধী রাজনৈতিক দলগুলোর সরকার বিরোধী আন্দোলন, বহির্বিশ্বের পশ্চিমা দেশগুলোর ভূরাজনৈতিক স্বার্থ হাসিলের জন্য নানা ধরনের চাপ প্রয়োগ, অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান করা, দেশের সাধারণ মানুষের জন্য দ্রব্যমূল্যের নিয়ন্ত্রণ, তৃণমূলের অভ্যন্তরীণ কোন্দলসহ নানামুখী চাপে রয়েছে আওয়ামী লীগ। এ চাপগুলো আওয়ামী লীগের টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসতেও বড় বাধা বলে মনে করছেন দলটির নীতিনির্ধারণী মহল এবং রাজনৈতিক বিশ্লেষকরা। যদিও আওয়ামী লীগ বিষয়গুলোকে প্রকাশ্যে স্বীকার না করে উড়িয়ে দিচ্ছে, তথাপিও এসব চাপ নিয়ন্ত্রণে ভেতরে ভেতরে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে দলটি। দলের নীতিনির্ধারক মহল এসব বিষয়গুলোকে পর্দার আড়ালে চ্যালেঞ্জ হিসেবে চিহ্নিত করে- তা মোকাবিলার জন্য সম্ভাব্য সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। ক্ষমতাসীন দলের শীর্ষ পর্যায় মনে করে, ১৫ বছরের টানা শাসনে তারা অভূতপূর্ব উন্নয়ন করতে সক্ষম হয়েছে। এর মধ্যে কিছু ভুলত্রুটি থাকলেও পরবর্তী মেয়াদে ক্ষমতায় এসে তারা জন-অসন্তোষের সবকিছু সফলভাবে উতরাতে চায়। সে কারণে চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসতে দলটি ভেতরে ভেতরে নির্বাচনী প্রস্তুতি থেকে শুরু করে বিভিন্ন ধরনের প্রস্তুতি নিয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক আওয়ামী লীগের শীর্ষ পর্যায়ের বেশ কয়েকজন নেতা এবং রাজনৈতিক বিশ্লেষকরা আওয়ামী লীগের চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার বাধা হিসেবে- এ বিষয়গুলোকে বাংলা ইনসাইডারের কাছে এভাবেই ব্যাখ্যা করেন।

**আওয়ামী লীগের টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসতে যেসব বাধাগুলো রয়েছে, তার মধ্যে অন্যতম হলো:-**

১. বিরোধী রাজনৈতিক দলগুলোর আন্দোলন: টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার জন্য বিএনপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলোর আন্দোলনকে পাত্তা দিতে নারাজ আওয়ামী লীগ। তাদের বিশ্বাস, রাজপথের আন্দোলনে কেউ আওয়ামী লীগকে কোণঠাসা করতে পারবে না। তবে তাদের মাথাব্যথার একটিই কারণ; সেটি হলো- বিএনপিসহ সরকার বিরোধী দলগুলো আন্দোলনে রাজপথে টিকতে না পেরে যুক্তরাষ্ট্র ও তাদের মিত্র পশ্চিমা দেশগুলোর কাছে নানা ধরনের নালিশ অব্যাহত রেখেছে, তাতে করে বর্তমান সরকারের উপর আন্তর্জাতিক মহলের এক ধরনের চাপ অব্যাহত রয়েছে। নির্বাচনের আগে এ ধরনের চাপ আরও বাড়তে পারে বলেও মনে করছেন দলটির নীতিনির্ধারণী মহল।

জানতে চাইলে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য কাজী জাফর উল্লাহ বলেন, ২-এর পাতায় দেখুন

## মার্কিন কূটনীতিকদের আগে ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্রসচিব

**নিজস্ব প্রতিবেদক :** চলতি মাসে একাধিক মার্কিন কূটনীতিক এর ঢাকা সফরের কথা রয়েছে। তবে মার্কিন কূটনীতিকদের ঢাকা সফরের আগেই সংক্ষিপ্ত সফরে আজ বৃহস্পতিবার ঢাকায় আসছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব (পূর্ব) সৌরভ কুমার। যা বাংলাদেশের রাজনীতিতে নতুন উত্তাপ ছাড়াচ্ছে।

নয়া দিল্লির গুরুত্বপূর্ণ এই কূটনীতিকের ঢাকা সফর ঘিরে নানা আলোচনা রয়েছে কূটনৈতিক মহলে। বিশেষ করে, চলতি মাসের মাঝামাঝিতে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের সফরের আগে এ সফর হতে যাওয়ায় ২-এর পাতায় দেখুন



সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে নব নির্বাচিত মেয়র আনোয়ারুজ্জামান চৌধুরী'র সাথে নির্বাচন পরবর্তী একান্ত সাক্ষাৎ করেন মিনিস্টার-মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান ও এফবিসিসিআইয়ের ভাইস প্রেসিডেন্ট এম এ রাজ্জাক খান রাজ সিআইপি। তিনি নব-নির্বাচিত মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানান। এসময়ে তার সাথে নানান পরিকল্পনা নিয়ে একান্ত আলোচনা হয়। সিলেটবাসীর আশা-ভরসার একমাত্র প্রতীক হয়ে ৩৬০ আউলিয়ার শহর স্মার্ট শহরে রূপান্তর হোক এমনটিই আশা করেন রাজ্জাক খান রাজ।

## মিনিস্টার হাই-টেক পার্ক হেডকোয়ার্টার্সে ঈদ পুনর্মিলনী



**নিজস্ব প্রতিনিধি :** মিনিস্টার হাই-টেক পার্ক লি. এর হেডকোয়ার্টার্সে সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ঈদ পরবর্তী পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। মিনিস্টার-মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান ও এফবিসিসিআইয়ের ভাইস প্রেসিডেন্ট এম এ রাজ্জাক খান রাজ সিআইপি আমেরিকায় পারিবারিক সফর এবং ঈদের ছুটি শেষে ঈদ পরবর্তী পুনর্মিলনীতে অংশগ্রহণ করেন। এসময় তিনি সকল কর্মকর্তা-কর্মচারীদের সাথে কুশল বিনিময় এবং সকলের পরিবার-পরিজনের খোঁজ খবর নেন। মিনিস্টার পরিবারের পক্ষ থেকে এসময় এম এ রাজ্জাক খান রাজ কে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। উল্লেখ্য, সম্প্রতি তিনি বাংলাদেশ হকি ফেডারেশন এর ভাইস প্রেসিডেন্ট এবং সিআইপি হিসেবে স্বীকৃতি লাভ করেছেন।



## কালীগঞ্জে খাদ্যের নিরাপত্তা বিষয়ে কর্মশালা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জে খাদ্যের নিরাপত্তা বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০টায় পৌরসভার বলিদাপাড়াস্থ সুনিকেতন সেমিনার কক্ষে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরন প্রকল্প,বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ,খাদ্য মন্ত্রণালয়ের আয়োজনে এবং বিসেফ ফাউন্ডেশনের সহযোগিতায় এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ২-এর পাতায় দেখুন

## মার্কিন কর্মকর্তাদের আগমন দু'দেশের ঘনিষ্ঠতর সম্পর্কের বার্তাবাহী



**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'মার্কিন কর্মকর্তাদের আগমন তাদের সাথে সম্পর্ক আরো ঘনিষ্ঠ হওয়ার বার্তাই বহন করে। এই আগমনকে আমরা স্বাগত জানাই।'

গতকাল বুধবার দুপুরে সচিবালয়ে নিজ মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন তিনি। যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা প্রায়ই আসছেন এবং চলতি মাসে সে দেশের পররাষ্ট্র দপ্তরের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দলের আসার ২-এর পাতায় দেখুন

## পদ্মা সেতুতে চলন্ত গাড়িতে স্বয়ংক্রিয় টোল আদায় শুরু

**নিজস্ব প্রতিবেদক :** পদ্মা সেতুতে প্রযুক্তির ব্যবহারে চলন্ত গাড়ি থেকে টোল আদায় অথাৎ ইলেকট্রনিক টোল কালেকশন (ইটিসি) সিস্টেম পরীক্ষামূলকভাবে শুরু হয়েছে।

গতকাল বুধবার সকাল সাড়ে ১০টার দিকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে টোল দিয়ে সেতু পার হন সেতু সচিব মঞ্জুর হোসেনসহ উর্ধ্বতন কর্মকর্তারা।

সংশ্লিষ্টরা জানান, রেডিও ফ্রিকিউয়েন্সি আইডেন্টিফিকেশন-আরএফআইডি পদ্ধতিতে দুই পাড়ে একটি করে বুথে এই টোল আদায় শুরু হবে। এই পদ্ধতির জন্য রেজিস্ট্রেশন করা গাড়ি টোল প্লাজার সামনে ২-এর পাতায় দেখুন



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এস. এম. রফিকুল ইসলাম ট্রেজারি ভেরিফিকেশন করছেন (ছবিতে)। এসময় জেলা পুলিশের একটি চৌকস দল গার্ড অব অনার প্রদান করেন।

## মহেশপুরে ইউপি সদস্য'র বিরুদ্ধে বয়স্ক ভাতার টাকা আত্মসাৎ'র অভিযোগ



**মো ঃ আজাদ :** দেড় বছর ধরে বয়স্ক ভাতার টাকা প্রতারণার মাধ্যমে আত্মসাৎ করে আসছেন আজিজুর রহমান নামে এক ইউপি সদস্য। ঘটনাটি ঘটেছে ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের গাড়াপোতা গ্রামে।

বয়স্ক ভাতার টাকা পেলে ঔষধ কিনবে শারীরিক অসুস্থ্য আলী আহম্মদ কিন্তু দেড় বছর পার হয়ে গেলেও তার নাম্বারে বয়স্ক ভাতার কোন টাকা আসে না। কারণ জানতে একাধিকবার ইউনিয়ন পরিষদ ও ইউপি সদস্যের কাছে গিয়েও কোন লাভ হয়নি। অভিযোগ সূত্রে জানায়ায়, ভাতার কার্ডে আলী আহম্মদের নাম থাকলেও কৌশলে আলী আহম্মদের নম্বরের জায়গায় নিজের ছেলের নম্বর দিয়েছেন ওই ইউপি সদস্য। যে কারণে কার্ড প্রাপ্তির দেড় বছরের সকল টাকা এসেছে ছেলের নগদ নম্বরে। এদিকে নিজের নম্বরে কোন টাকা না আসায় মহেশপুর সমাজ সেবা অফিসে গিয়ে তিনি জানতে পারেন তার নম্বরের জায়গায় ইউপি সদস্যের ছেলে আসাদুজ্জামানের নম্বর দেওয়া হয়েছে। এছাড়া ২-এর পাতায় দেখুন



## কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে বৃদ্ধের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকায় ট্রেনে কাটা পড়ে আব্দুল খালেক (৯০) নামে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

বুধবার সকাল সাড়ে ৯ টার দিকে বারবাজার মাছ বাজার এলাকায় এ ঘটনা ঘটে। মৃত আব্দুল খালেক উপজেলার বাদেডিহি এলাকার বাসিন্দা।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে বাড়ি ২-এর পাতায় দেখুন

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০ কর্মকর্তা-কর্মচারীকে বদলি

**নিজস্ব প্রতিবেদক :** স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের ১০ কর্মকর্তা-কর্মচারীকে বদলি করা হয়েছে। বুধবার (৫ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে পৃথক দুটি বদলি আদেশে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

প্রশাসনিক কাজের সুবিধার্থে তাদের বদলি করা হয়েছে বলে আদেশে উল্লেখ করা হয়েছে। এতে সই করেছেন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জাহিদুল ইসলাম।

বদলি আদেশে বলা হয়েছে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের নবযোগদানকৃত উপসচিব অপূর্ব কুমার মন্ডলকে আনসার-১ শাখায় এবং ২-এর পাতায় দেখুন

## নাগরিকদের ভালোবাসায় সিক্ত হলেন পৌর মেয়র রিটন



**মেহেরপুর প্রতিনিধি :** মেয়র অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হওয়ায় নাগরিকদের ভালোবাসায় সিক্ত হলেন মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

মঙ্গলবার রাতে মেহেরপুর পৌরবাসীর উদ্যোগে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টার মিলনায়তনে জমকালো আয়োজনের মধ্যদিয়ে পৌর মেয়রকে নাগরিক সংবর্ধনা দেওয়া হয়। অবসরপ্রাপ্ত শিক্ষক নুরুল আহমেদের সভাপতিত্বে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাড. মিয়াজান আলী, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসূল, জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান প্রমুখ। এর আগে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে মেহেরপুর পৌরসভার ২-এর পাতায় দেখুন

## প্রথম দিনেই নারীদের হামলার শিকার হিরো আলম

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর মহাখালীর সাততলা বস্তিতে নির্বাচনি প্রচারণা চালাতে গিয়ে হামলার শিকার হওয়ার অভিযোগ করেছেন ঢাকা-১৭ আসনের উপনির্বাচনের স্বতন্ত্র প্রার্থী আশরাফুল আলম ওরফে হিরো আলম। উল্লেখ্য, ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে আজই আনুষ্ঠানিকভাবে হিরো আলম নির্বাচনি প্রচারণায় নেমেছেন।

হিরো আলমের দাবি, তার ওপর দফায় দফায় হামলার ঘটনা ঘটেছে। যদিও হামলায় অংশগ্রহণকারীদের দাবি- হিরো আলম আমাদের ওপর আগে হামলা করেছেন, ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মো: আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh  e-paper.eaiamardesh.com  www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনের দাবিতে অবস্থান কর্মসূচী




**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার নির্বাচনের দাবিতে অবস্থান কর্মসূচী পালন করা হয়েছে।

বুধবার সকাল ১১টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে অবস্থান কর্মসূচী পালন করা হয়। জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমনের নেতৃত্বে অবস্থান কর্মসূচীতে উপস্থিত ছিলেন, জেলা ক্রীড়া সংস্থার সাবেক সহ সভাপতি রমজান আলী, সাবেক যুগ্ম সম্পাদক ইমদাদুল হক, ক্রীড়া সংগঠক আরিফুল ইসলাম, শরিফ রেজা পান্না, আতিক স্বপন, আসাদুজ্জামান লিটন, মাসুদ করিম ধলস, আন্তর্জাতিক স্বর্ণ পদক প্রাপ্ত মাশাল আর্ট হুসাইন কবীরসহ ২-এর পাতায় দেখুন



## এক সাথে ৩ সন্তানের জন্ম দিলেন চুয়াডাঙ্গার গৃহবধু লতা

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গায় একসাথে ৩ সন্তানের জন্ম দিয়েছেন লতা খাতুন নামের এক গৃহবধু। গতকাল দুপুরে ডা. তরুন কান্তি ঘোষের তত্ত্বাবধায়নে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে ২ কন্যা ও ১ পুত্র সর্বমোট ৩ সন্তানের জন্ম দিয়েছেন লতা। গৃহবধু লতা ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

বৃহস্পতিবার ০৬ জুলাই ২০২৩

# করোনার ৩য় ও ৪র্থ ডোজ টিকাদানে বিশেষ ক্যাম্পেইন শুরু



**স্টাফ রিপোর্টার :** করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধে সারাদেশে একযোগে ভ্যাকসিনের ৩য় ও ৪র্থ ডোজ টিকাদানের বিশেষ ক্যাম্পেইন শুরু হলো গতকাল বুধবার থেকে। সাত দিনব্যাপী আয়োজিত এই ক্যাম্পেইন চলবে আগামী ১১ জুলাই পর্যন্ত। এর আগে গত মঙ্গলবার স্বাস্থ্য অধিদপ্তরের সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই) থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করা হয়। এতে বলা হয়, কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রমের মাধ্যমে নিজেদের অধিক সুরক্ষিত করার লক্ষ্যে ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সী সব নাগরিককে কোভিড-১৯ ভ্যাকসিনের ৩য় এবং ৪র্থ ডোজ দেওয়া হবে। এরইমধ্যে যারা কমপক্ষে ৪ (চার) মাস আগে ২য় বা ৩য় ডোজ গ্রহণ করেছেন তাদেরকে প্রাপ্যতা অনুযায়ী ৩য় বা ৪র্থ ডোজ ভ্যাকসিন দেওয়া হবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এই ক্যাম্পেইনে বিশেষ করে সম্মুখসারীর যোদ্ধা, ৬০ বছরের ঊর্ধ্ব, দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত, স্বল্পরোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন জনগোষ্ঠী ও গর্ভবতী নারীদের অগ্রাধিকারের ভিত্তিতে ভ্যাকসিন দেওয়া হবে। এ ছাড়াও চলমান কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম হিসেবে যেসব ১৮ বছর বা তদূর্ধ্ব বয়সী নাগরিক এখনও কোভিড-১৯ ভ্যাকসিনের ১ম ও ২য় ডোজ গ্রহণ করেননি তারা কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন। এতে আরও বলা হয়, ক্যাম্পেইনের পাশাপাশি ৫-১১ বছর বয়সী যেসব শিশু এখনও ১ম বা ২য় ডোজ ভ্যাকসিন গ্রহণ করেনি তাদের নির্ধারিত কেন্দ্রে প্রাপ্যতা অনুসারে কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া হবে।

## বাগেরহাটে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা, শনাক্ত ১৫

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে প্রতিদিনই বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা। এ পর্যন্ত বাগেরহাট জেলা হাসপাতালে ১৫ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছেন। বুধবার (০৫ জুলাই) বিকেল পর্যন্ত হাসপাতালে ৩ জন ডেঙ্গু রোগী চিকিৎসাধীন রয়েছেন। অবশিষ্টদের মধ্যে কেউ কেউ সুস্থ্য হয়েছেন। কয়েকজন নিজ বাড়িতে চিকিৎসা নিচ্ছেন। সনাক্ত হওয়া রোগীরা বাগেরহাটের বিভিন্ন এলাকার বসে আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। তবে জেলা হাসপাতাল ব্যতিত উপজেলা হাসপাতাল স্বাস্থ্য কমপ্লেক্সে কোন রোগী সনাক্ত হওয়ার খবর পাওয়া যায়নি।

শুধু ডেঙ্গু নয়, বাগেরহাট জেলা হাসপাতালে অন্যান্য রোগীও বৃদ্ধি পেয়েছে। প্রতিদিন বহির্ভাগে সহস্রাধিক রোগী বিভিন্ন স্বাস্থ্য জটিলতা নিয়ে হাসপাতালের বহির্বিভাগে বিভিাগে চিকিৎসা নিচ্ছেন। যার বেশিরভাগ জ্বর সর্দি জনিত রোগে আক্রান্ত রোগী।

এদিকে ডেঙ্গু যাতে ছড়াতে না পারে সে লক্ষে বাগেরহাট স্বাস্থ্য বিভাগ ও স্থানীয় প্রশাসন নানা সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছেন।

বাগেরহাট জেলা হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. অসিম কুমার সমাদ্দার বলেন, বাগেরহাট জেলা হাসপাতালে প্রায়ই ডেঙ্গু রোগী সনাক্ত হচ্ছে। গেল দুই সপ্তাহে ১৫ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে। এছাড়া ২-এর পাতায় দেখুন

# বৃদ্ধ বাবা-মাকে মালয়েশিয়া ভিলা উপহার দিলেন প্রবাসী জাহাঙ্গীর



**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট সন্তানের কাছে মা-বাবার চাওয়ার কিছু থাকে না। তারপরও সন্তানদের কাছ থেকে কোন কিছু পাওয়ার যে আনন্দ তার শেষ নেই। সন্তান কাছে না থাকলেও, সুখে আছে এতে আমাদের শান্তি। তবে প্রবাসে থেকে কষ্টার্জিত অর্থ দিয়ে আমার বড় ছেলে জাহাঙ্গীর হোসেন আমাদের যে ভবন তৈরি করে দিয়েছে এই আনন্দ ভাষায় প্রকাশ করা যায় না। গতকাল দুপুরে আরম্বরপূর্ণ অনুষ্ঠানে কেক কেটে ছেলের করে দেওয়া মালয়েশিয়া ভিলা উদ্বোধন শেষে এমন কথা জানান প্রবাসী জাহাঙ্গীরের বাবা রুস্তম আলী হাওলাদার ও মা ফরিদা বেগম। এসময় প্রবাসীর স্ত্রী-সন্তানসহ উপস্থিত সকলে আবেগাপ্লুত হয়ে পড়েন। বাবা-মায়ের জন্য মালয়েশিয়া ভিলা নির্মান করা জাহাঙ্গীর হাওলাদার মোরেলগঞ্জ উপজেলার চিংড়াখালী এলাকার রুস্তম আলী হাওলাদারের ২-এর পাতায় দেখুন

## আজ সাবেক এমপি শামছুল হুদা খাঁনের ১৬তম মৃত্যু বার্ষিকী



**মহেশপুর প্রতিনিধি :** আজ বৃহস্পতিবার ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খান চঞ্চলের পিতা সাবেক সংসদ সদস্য শামছুল হুদা খানের ১৬ তম মৃত্যু বার্ষিকী। মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে জলিলপুর খান পাড়ার তার নিজ বাসভবনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে সবাইকে আমন্ত্রন জানিয়েছেন শামছুল হুদা খানের ছেলে সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খান চঞ্চল।

## আবার বাড়লো কাঁচা মরিচের দাম কেজি ৫০০

**নিজস্ব প্রতিবেদক :** ভারত থেকে আমদানির খবরে কাঁচা মরিচের দাম কিছুটা কমে এসেছিল। গত সোমবার (৩ জুন) রাজধানীর বিভিন্ন বাজারে কেজিতে কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ২০০ টাকার মধ্যে। মঙ্গলবার দাম বেড়ে ৩০০ থেকে ৩৫০ টাকায় ওঠে। এরপর একরাতের ব্যবধানে বুধবার সকাল থেকে ৫০০ টাকা ছাড়িয়েছে কাঁচা মরিচের দাম। গত সোমবার রাজধানীর ২-এর পাতায় দেখুন





## আলমডাঙ্গায় নিমগ্ন পাঠাগারের বর্ষপূর্তিতে মত বিনিময় ও আলোচনা সভা

**আলমডাঙ্গা প্রতিনিধি :** অন্তরকে আলোকিত করার জন্য মেধা ও মননের সমন্বয়ে সৃজনশীল মানসিকতার পরিপূর্ণ বিকাশের লক্ষ্যে এবং মেধাবী ধার্মিক সমাজ ও স্বনিভ্রর জাতি গঠনের এক আন্তরিক অভিপ্রায় নিয়ে যাত্রা শুরু হয়েছিল আলমডাঙ্গার নিমগ্ন পাঠাগারের। য়ার বর্ষপূর্তিতে দারুস সুন্নাহ একাডেমি কার্য্যালয়ে গতকাল ২-এর পাতায় দেখুন

# চুয়াডাঙ্গায় দুটি কিডনী নষ্ট হওয়া ইমামের পাশে দাড়ালেন এম এ রাজ্জাক খান রাজ সিআইপি



**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গায় দুটি কিডনী নষ্ট হওয়া ইমামের পাশে দাড়ালেন এম এ রাজ্জাক খান রাজ সিআইপি । গতকাল এম এ রাজ্জাক খান রাজ তার চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করেন।

জানা যায়, চুয়াডাঙ্গার ভোলার ডরাই গ্রামের পুরাতন জামে মসজিদের ইমাম ফরজ মিয়ার দুটি কিডনি অকার্যকর হয়ে পরায় তিনি দীর্ঘদিন যাবৎ অসুস্থ অবস্থায় চিকিৎসাধীন আছেন। এ খবর জানকে পেরে এম এ রাজ্জাক খান তার পরিবারের সাথে দেখা করেন এবং সদস্যদের সাথে কথা বলে সার্বিক অবস্থার খোঁজ খবর নেন। পরে তার চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করেন। এম এ রাজ্জাক খান রাজ তার দ্রুত সুস্থতার জন্য দোয়া করেন। তিনি আশা করেন এলাকাবাসী সাধ্যমত অসুস্থ ইমাম সাহেবের পাশে দাড়াবেন। তিনি আরো বলেন চুয়াডাঙ্গা জেলায় আমার জন্ম। আমি এই জেলারই সন্তান। তাই চুয়াডাঙ্গার মানুষের প্রতি আমার ভালোবাসা ও দুর্বলতা সব সময়ই একটু বেশি অনুভব করি। আমি সব সময় আমার প্রিয় চুয়াডাঙ্গা ও আলমডাঙ্গাবাসীর পাশে থেকে কাজ করতে চাই। আমি বিশ্বাস করি, সবার দোয়া ও সহযোগিতায় এগিয়ে যেতে পারবো। উল্লেখ্য, এম এ রাজ্জাক খান রাজ সিআইপি চুয়াডাঙ্গা জেলার জনকল্যানে নানামুখী সেবা প্রদান করছেন।

## পায়রায় খালাসের অপেক্ষায় ৩৬ হাজার মেট্রিক টন কয়লা

**নিজস্ব প্রতিবেদক :** পটুয়াখালীর কলাপাড়ার পায়রা ১৩২০ মেগাওয়াট কয়লা বিদ্যুৎ কেন্দ্রের জন্য ৩৬ হাজার ৬শত মেট্রিকটন কয়লা নিয়ে গতকাল বুধবার পায়রা বন্দরে ইনারে এ্যাংকর করবে কয়লা বাহী জাহাজ এম ভি জাদুর।

ইন্দোনেশিয়ার বালিক পানান বন্দর থেকে গত ২ জুলাই ৯ দশমিক ৭৫ মিটার গভীরতার জাহাজটি পায়রা বন্দরের উদ্দেশ্যে যাত্রা করে।

পায়রা বন্দরের ট্রাফিক বিভাগের উপ পরিচালক আজিজুর রহমান জানান, আজ বুধবার সন্ধ্যায় মাদার ভ্যাসেলটি পায়রা বন্দরের ফেয়ারওয়ে বয়ায় নোঙর করবে। সেখান থেকে লাইটারেজে করে ৭ হাজার ৩০০ মেট্রিক টন কয়লা খালাসের পরে জাহাজটি তাপবিদ্যুৎ কেন্দ্রের জেটিতে নেয়া হবে।



## ঝিনাইদহে ডাঃ রাশেদ আল-মামুনের বড় ভাইয়ের ইন্তেকাল

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা বিএমএ'র সাধারণ সম্পাদক ও শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রাশেদ আল-মামুনের বড় ভাই আঃ ওহাব মিয়া (৬৬) ইন্তেকাল করেছেন। তিনি স্ট্রোক জনিত কারণে বুধবার ভোর রাতে শহরের আল-মামুন ক্লিনিকে চিকিৎসাধীন আবস্থায় মৃত্যু বরণ করেন (ইন্না......রাজিউন)। মৃত্যু কালে তিনি স্ত্রী, পুত্র, কণ্যা, ভাই-বোন,আত্মীয়-স্বজনসহ অসংখ্য ২-এর পাতায় দেখুন

# আলমডাঙ্গার নতুন ইউএনও'র সাথে হিন্দু কল্যাণ ট্রাস্ট ও মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রমের শিক্ষকবৃন্দের সৌজন্য সাক্ষাত



**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গার নবাগত উপজেলা নির্বাহী অফিসারের স্নিগ্ধা দাসের সাথে সৌজন্য সাক্ষাত করেছেন হিন্দু কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি প্রতিনিধি ও মন্দির ভিত্তিক শিক্ষা কার্যক্রমের শিক্ষকবৃন্দ। সোমবার সকাল ১১টায় উপজেলা নির্বাহী অফিসারের অফিসে তারা সৌজন্য সাক্ষাত শেষে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস বলেন, 'মানবিক মূল্যবোধ ও নৈতিকতা সম্পন্ন জাতি গঠনে মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার। শিক্ষার উন্নয়নে নানা প্রকল্প হাতে নেয়া হয়েছে। শিশুরা যাতে খেলার মাধ্যমে আনন্দঘন পরিবেশে উৎসাহ ও উদ্দীপনায় সানন্দে শিক্ষা গ্রহণের সুযোগ পায় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে ২-এর পাতায় দেখুন

## শৈলকুপা থেকে হাবিবুল্লাহ নামের এক শিশু ১৪ দিন ধরে নিখোঁজ



**বসির আহাম্মেদ :** ঝিনাইদহের শৈলকুপা থেকে মোঃ হাবিবুল্লাহ (১৫) নামের এক শিশু ১৪ দিন ধরে নিখোঁজ। পরিবারের লোকজন তার সন্ধান চায়। সে ঐ উপজেলার মির্জাপুর ইউনিয়নের বড়দা গ্রামের মোঃ হাফিজুর রহমানের পুত্র বলে জানা যায়।

তার পিতা হাফিজুর জানান, আমার পুত্র গত ২২ জুন আনুমানিক বিকাল ৪:৩০ মিনিটের সময় নিজ বাসা থেকে নিখোঁজ হয়। তার নিখোঁজের পর থেকে আত্মীয়-স্বজনসহ সকল স্থানে অনেক খোঁজাখুজি করেও সন্ধান মেলেনি হাবিবুল্লাহর। অপরদিকে তার সন্ধান না পাওয়ায় তার পিতা গত ২৪ জুন শৈলকুপা থানায় একটি সাধারণ ডায়েরি ২-এর পাতায় দেখুন

# গাংনী মটমুড়া ইউপির নব-নির্বাচিত মেম্বারের শপথ গ্রহণ অনুষ্ঠিত





**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউপির ২ নং ওয়ার্ডের নব-নির্বাচিত মেম্বার (সদস্য) পলিয়ারা খাতুনের শপথগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১১টার দিকে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শপথগ্রহণ অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু শপথ বাক্য পাঠ করান। এসময় গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য লাভলী খাতুন সহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, চলতি বছরের ফেব্রুয়ারি মাসে ওই ওয়ার্ডের মেম্বার আব্দুস সোবহান নিজ বাড়িতে হলুদ সিদ্ধ করতে গিয়ে গরম পানির কড়াইয়ের মধ্যে পড়ে ঝলসে যান। গুরুতর আহতাবস্থায় ঢাকার ২-এর পাতায় দেখুন

নিয়োগ পরীক্ষার প্রশ্নফাঁস

## বিমানের ২৬ কর্মচারীসহ ৩০ জনের বিরুদ্ধে চার্জশিট

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ বিমানের নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের মামলায় বিমানের ২৬ কর্মচারীসহ ৩০ জনের বিরুদ্ধে আদালতে চার্জশিট জমা দিয়েছে মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)।

গতকাল বুধবার বিমানবন্দর থানার আদালতের সাধারণ নিবন্ধন শাখার কর্মকর্তা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) ফরিদ মিয়া বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, গত ২২ জুন ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আলমগীর হোসেন পাটোয়ারী আদালতে এই চার্জশিট দাখিল করেন।

আসামিরা ২-এর পাতায় দেখুন

# হরিণাকুন্ডুর ভবানীপুর বাজারে ব্যবসায়ীকে মারধর ও বরফ ফ্যাক্টারি ভাংচুরের অভিযোগ



**হরিণাকুন্ডু প্রতিনিধি :** ঝিনাইদহ হরিণাকুন্ডু উপজেলার ভবানীপুর বাজারে জমি নিয়ে বিরোধের জেরে রাজু নামের এক ব্যবসায়ীর ব্যবসা প্রতিষ্ঠান লেদ মেশিনের কারখানা ও বরফ ফ্যাক্টরি ভাঙচুর নগদ অর্থ লুটপাটের অভিযোগ উঠেছে। ভবানীপুর বাজার কমিটির সভাপতি সরোয়ার হোসেন ছরুর নেতৃত্বে হামলা,ভাংচুর ও লুটপাটে অংশ নেন ঠান্ডু মিয়া,তারেক ও মিঠু নামের তিনজন। এ ঘটনার পর থেকে ভয়ে আর আতংকে দিন কাটাচ্ছে রাজু'র পরিবারের বাকী সদস্যরা। বরফকল ও ব্যবসা প্রতিষ্ঠানের ভাঙচুরের বিষয়ে ভুক্তভোগী রাজু জানান, আমার বাবা হারুন অর রশিদ আর আমি আমাদের দোকানে বসে ছিলাম। সরোয়ার হোসেন ছরু সম্পর্কে চাচা হয়। তাদের সাথে আমাদের পারিবারিক জায়গা জমি নিয়ে বিরোধ চলছে। আমরা সবাই কুষ্টিয়া জেলার ইবি থানার বাসিন্দা। তবে আমাদের বেশ কিছু জায়গা হরিণাকুন্ডু থানার ভবানীপুর বাজারে আছে। আমার ছোট চাচা ঠান্ডু মিয়া বর্তমানে ভবানীপুর বাজারে এসে বসবাস করে। দাদার সম্পত্তির অংশীদার হিসেবে ২-এর পাতায় দেখুন

## এলাকা ছেড়েও ধর্ষণের হাত থেকে রক্ষা পেলো না স্কুলছাত্রী

**নিজস্ব প্রতিবেদক :** সিরাজগঞ্জের কামারখন্দে সুমন নামের এক যুবকের বিরুদ্ধে দশম শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে। গত শনিবার দিবাগত রাতে এ ঘটনা ঘটে। এ ঘটনায় রোববার (২ জুলাই) রাতে ভুক্তভোগীর বাবা বাদী হয়ে মামলা করেছেন।

অভিযুক্ত সুমন উপজেলার রায়দৌলতপুর ইউনিয়নের চৌবাড়ী পূর্বপাড়া গ্রামের আব্দুল খালেকের ছেলে। সে পেশায় একজন ইলেকট্রনিক মিস্ত্রি।

জানা যায়, স্কুল থেকে ফেরার পথে প্রায়ই ভুক্তভোগীকে উত্যক্ত ও কুপ্রস্তাব দিত অভিযুক্ত সুমন। মান সম্মানের ভয়ে বিষয়টি কাউকে না জানিয়ে ২-এর পাতায় দেখুন



## সাতক্ষীরায় বাসের ধাক্কায় অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক নিহত

**সোহাগ হোসেন, সাতক্ষীরা :** সাতক্ষীরা পৌরসভার চিত্তর মোড়ে দ্রুতগামী বাসের ধাক্কায় মৃত্যু হয়েছে অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক আকরামুল সানার। বুধবার দুপুর ৩টার দিকে ঘটে এ দুর্ঘটনা। স্কুল শিক্ষক আকরামুল সানা (৬৫) সাতক্ষীরা পৌরসভার দক্ষিণ কামালনগর এলাকার মৃত আফিল উদ্দীনের পুত্র। তিনি ২০১৭ সালে সদর উপজেলার বৈকারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ থেকে ২-এর পাতায় দেখুন

## খাবারে কাঁচা মরিচ না দেওয়ায় বর ও কনে পক্ষের সংঘর্ষ

**নিজস্ব প্রতিবেদক :** পটুয়াখালীর বাউফলে খাবারে সালাদ আর কাঁচা মরিচ না দেওয়ায় বর ও কনে পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছেন অন্তত ১০ জন। মঙ্গলবার (৪ জুলাই) দুপুর আড়াইটার উপজেলার কনকদিয়া ইউনিয়নের কুম্ভখালী গ্রামে এ ঘটনা ঘটেছে। জানা যায়, উপজেলার কুম্ভখালী গ্রামের নিজাম মিয়ার ছেলে মহেদী হাসানের সঙ্গে একই গ্রামের বকু ফকিরের মেয়ে সুখি আক্তারের বিয়ে হয়। মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে ছেলে পক্ষ বরযাত্রী নিয়ে কনের বাড়ির অনুষ্ঠানে যায়। এরপর খাবারে মাছ-মাংস এবং পোলাও দিলেও কাঁচা মরিচ ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে ভ্রাম্যমান আদালতে মাদক সেবকের কারাদন্ড

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরে হেরোইন সেবনের অভিযোগ মোঃ রুবেল হোসেন (২৫) নামের এক মাদক সেবীকে ১৪ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১শ অর্থদণ্ড দেওয়া হয়েছে। বুধবার দুপুরে শহরের পেয়াদা পাড়ায় এ মোবাইল কোর্ট বসিয়ে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান এ দন্ডাদেশ দেন। দন্ডিত মোঃ রুবেল হোসেন মেহেরপুর শহরের মল্লিক পাড়ার সিরাজুল ইসলামের ছেলে। মোবাইল ২-এর পাতায় দেখুন





সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক ত্রই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### শিশু হত্যা ধর্ষণ বাড়ছে

# প্রতিরোধে আইনের প্রয়োগ জরুরি

শিশুর ওপর শারীরিক, মানসিক, যৌন নির্যাতন ছাড়াও ধর্ষণ ও হত্যার মতো ঘটনা বাড়ছে। এর বেশির ভাগ ঘটনা ঘটছে রাস্তায়, নিজ বাসায় ও স্বজনের দ্বারা। ঘরকেই সর্বোচ্চ নিরাপদ স্থান হিসেবে চিহ্নিত করা হলেও অনেক নারী ও কন্যাশিশুর জন্য ঘরও অনিরাপদ হয়ে উঠেছে। চলতি বছরের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ৬ মাসে দেশের বিভিন্ন স্থানে মোট ৮০৪ জন শিশুকে বিভিন্ন ধরনের নির্যাতন করা হয়েছে। এর মধ্যে হত্যা করা হয়েছে ১০৯ শিশুকে। ১ ছেলে শিশুকে বলাৎকারের পর হত্যা করা হয়েছে। আত্মহত্যা করেছে ৪৫ শিশু। বিভিন্ন সময়ে মোট ৮৭ শিশুর মরদেহ উদ্ধার করা হয়েছে। গত সোমবার বেসরকারি সংস্থা আসক প্রকাশিত দেশের চলতি বছরের প্রথম ৬ মাসের মানবাধিকার লঙ্ঘনের সংখ্যাগত প্রতিবেদনে এ তথ্য পাওয়া গেছে। এমন চিত্র আমাদের সমাজ ব্যবস্থায় খুবই উদ্বেগজনক। এটি শুধু গণমাধ্যমে প্রকাশিত সংবাদের তথ্য। এর বাইরে অনেক ঘটনা অগোচরে রয়ে যাচ্ছে। বর্তমান সরকার কন্যা শিশুর পরিপুষ্টতা ও লিঙ্গবৈষম্য দূর করতে এবং নারীর ক্ষমতায়নের জন্য অবদান রাখলেও সহিংসতার হার হ্রাস পায়নি বরং উন্নত ও আধুনিক সমাজে আজো বাল্যবিয়ে, যৌন হয়রানি, যৌতুকের মতো বিভিন্ন ধরনের অপরাধ সংঘটিত হচ্ছে। সংবাদ মাধ্যমের এক খবরে বলা হয়েছে, নারী ও শিশু নির্যাতন আইনের মামলায় সাজা হয় মাত্র ১ দশমিক ৩৬ শতাংশ আসামির এবং বাকি ৯৮ দশমিক ৬৪ শতাংশ বেকসুর খালাস পান। এতে বলা হয়েছে, ওই আইনের আওতায় ১ লাখ ৮০ হাজারের ওপর মামলা আদালতে বিচারের অপেক্ষায় আছে। বিশেষজ্ঞরা বলছেন, সামাজিক দৃষ্টিভঙ্গি, আর্থিক অসচ্ছলতা, অবহেলা ও পক্ষপাতিত্ব, বিচার প্রক্রিয়ার দীর্ঘসূত্রতা, নিরাপত্তাহীনতাসহ বিভিন্ন কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। বলা হয়ে থাকে, আইনের প্রয়োগ যথাযথ হলে এমন অপরাধ হ্রাস পেত। ভিকটিমরা দুর্বল বলে অপরাধীরা বিচার ও শাস্তি থেকে পার পেয়ে যায়। যে কোনো বয়সের নারী শিশুকে পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে সর্বোচ্চ নিরাপত্তা দিতে ধর্ষণ-সংক্রান্ত আইনটির কার্যকারিতা নিশ্চিত করতে হবে। ধর্ষণ রোধে রাষ্ট্র যদি কঠোরতা না দেখায়, তবে সমাজে ক্ষতের গভীরতা বাড়তে থাকবে। ধর্ষকদের বিরুদ্ধে রাষ্ট্রকে প্রধান ভূমিকা পালন করতে হবে। অন্যদিকে ধর্মীয় মূল্যবোধ-সামাজিক নৈতিকতাও শিশু ধর্ষণ ও নির্যাতনের মতো বিকৃতি থেকে মানুষকে নিবৃত্ত রাখতে পারছে না। এসব নিয়েও ভাবা দরকার। আমরা মনে করি, শিশু নির্যাতন, ধর্ষণ ও হত্যার মতো ঘটনাকে বিশেষ গুরুত্ব দিয়ে দ্রুত বিচার করা, অভিযুক্ত ব্যক্তিকেই অভিযোগ প্রমাণের দায়, কন্যাশিশু নির্যাতনকারীদের রাজনৈতিক ও প্রশাসনিক প্রশ্রয় বন্ধ করা, শিশুদের জন্য আলাদা অধিদপ্তর এবং বাল্যবিয়ে বন্ধে প্রশাসনের নজরদারি বৃদ্ধি করতে হবে। পাশাপাশি শিশুর প্রতি সহিংসতা বন্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার কোনো বিকল্প নেই। সহিংসতা প্রতিরোধে বিদ্যমান হটলাইনগুলোর কার্যক্রম আরো জোরদার করা প্রয়োজন বলে মনে করছি।

## কালীগঞ্জে খাদ্যের নিরাপদতা

নিরাপদ খাদ্য বিষয়ক সক্ষমতা বৃদ্ধিকরন প্রকল্পের কনসালটেন্ট আয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সাধন সরকার। আরো উপস্থিত ছিলেন হাঙ্গার ফ্রি ওয়ার্ল্ডের প্রোগ্রাম অফিসার শাহজহান আলী বিপাশ, প্রত্যুষ বিশ্বাস প্রমুখ।
কর্মশালায় কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১০০জন শিক্ষার্থী অংশ নেন। কর্মশালায় নিরাপদ খাদ্য বিষয়ে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর মধ্যে বিজয়ী ১৫ জনকে পুরস্কার প্রদান করেন প্রধান অতিথি।

## কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে বৃদ্ধের

থেকে বারবাজার মাছ বাজার এলাকায় এসেছিলেন বৃদ্ধ আব্দুল খালেক। এ সময় ট্রেন লাইন পাওয়ার সময় ট্রেনে কাঁটা পড়ে দ্বিখন্ডিত হয়ে যায়। এ সময় পরিবারের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে বাড়িতে নিয়ে যায়।
বারবাজার রেল স্টেশনের স্টেশন মাস্টার আরিফুর রহমান জানান, সকাল সাড়ে ৯ টার দিকে বারবাজার মাছ বাজার এলাকায় ট্রেন লাইন পার হওয়ার সময় খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী রুপসা এক্সপ্রেসে কাটা পড়ে এক বৃদ্ধ মারা যায়।

## মহেশপুরে ইউপি সদস্য'র বিরুদ্ধে

ইউপি সদস্য আজিজুর রহমানের বিরুদ্ধে আরো অনেক কার্ডে ভুক্তভোগীর নম্বরের জায়গায় নিজের পরিবারের সদস্যদের নম্বর দেওয়ার অভিযোগ রয়েছে।
গত ১ জুলাই টাকা আত্মসাতের বিচার চেয়ে মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ করেছেন ভুক্তোভোগী আলী আহম্মদের ছেলে জাকির হোসেন।
আলী আহম্মদ বলেন, আজিজুর রহমান ইউপি সদস্য নির্বাচিত হবার পর পরই আমার কাছ থেকে ভোটার আইডি কার্ড চেয়ে নিয়ে আমাকে বয়স্ক ভাতার কার্ড করে দেন। পরবর্তীতে সবার মোবাইলে টাকা আসলেও আমার মোবাইলে কোন টাকা আসেনি। যে কারণে স্থানীয় মহিলা ইউপি সদস্যকে নিয়ে উপজেলা সমাজ সেবা অফিসে গিয়ে দেখতে পাই আমার নম্বরের জায়গায় ইউপি সদস্যের ছেলের নম্বর রয়েছে এবং অফিস জানান এতদিন ওই নম্বরেই টাকা এসেছে।
এদিকে বিষয়টি জানাজানি হলে ইউপি সদস্যের ছেলের নম্বর পরিবর্তন করে আমার নম্বর দিয়েছেন। তবে নম্বর পরিবর্তন করলেও দেড় বছরে আমি কোন টাকা পাইনি।
ইউপি সদস্য আজিজুর রহমান জানান, যে কোন কারণ বসত আলী আহম্মদের মোবাইল নম্বরের জায়গায় আমার ছেলে নম্বর হয়ে গিয়েছিলো। পরবর্তীতে মিমাংসার মাধ্যমে ভুক্তোভুগীকে টাকা ফেরত দেওয়া হয়েছে।
বাঁশবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা জিন্টু বলেন, বিষয়টা তদন্ত চলছে। এ ব্যাপাওে এখন মন্তব্য করা ঠিক হবেনা। যদি ইউপি সদস্য আজিজুর রহমান এমন কাজ করে থাকেন তাহলে সে অন্যায় করেছেন।
উপজেলা সমাজ সেবা কর্মকর্তা মোস্তাফিজুর রহমান জানান, যাতে করে কার্ডধারী তার প্রাপ্ত বয়স্ক ভাতার টাকা ফিরে পেতে পারে সে ব্যাপারে ইউপি সদস্যকে বলা হয়েছে। তা না হলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## নাগরিকদের ভালোবাসায় সিক্ত

কাউন্সিলর বৃন্দ, ব্যবসায়ী সমিতিসহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে মেয়র মাহফুজুর রহমান রিটনকে ফুলেল শুভেচ্ছা এবং ক্রেস্ট প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে অন্যদের মধ্যে পৌর কাউন্সিলর মীর জাহাঙ্গীর হোসেন, আব্দুর রহিম, আব্দুল্লাহ আল বাপ্পী, নুরুল আশরাফ রাজিব সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

## এক সাথে ৩ সন্তানের জন্ম

চুয়াডাঙ্গা সদর পৌর এলাকার সি এন্ড বি পাড়ার হাসিবুলের স্ত্রী।
লতার শ্বশুড় চুয়াডাঙ্গার বৃষ্টি মিষ্টান্ন ভান্ডারের স্বত্বাধিকারী শের আলী কোচিন বলেন, তিন সন্তানের জন্মদানের খবরে আমরা সকলেই খুবই আনন্দিত। আমরা সকলের নিকট সন্তান ও প্রসূতির সুস্বাস্থ্যের জন্য দোয়া কামনা করছি। তারা যেন ভালো থাকে সেই দোয়া করবেন আপনারা।

## মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার

সাবেক খেলোয়াড় ও ক্রীড়া সংগঠকরা উপস্থিত ছিলেন। কর্মসূচিতে বক্তারা বলেন, ১৫ বছর ধরে ক্রীড়া সংস্থার নির্বাচন নেই। কোন খেলাধুলা নেই। অনেকে হয়তো বুঝতে চাচ্ছে না। ভাবছে ফুটবল না খেললে কি হয়, ক্রিকেট না খেললে কি হয়। এই কি এমন হয় ভাবতে ভাবতে স্টেডিয়ামের অচল অবস্থা। এই অবস্থায় থাকলে পরবর্তী প্রজন্ম তারা খেলবে কিভাবে। আর তারা যদি না খেলে তারা মানুষ হবে কিভাবে। আজকের প্রজন্ম কিভাবে বেড়ে উঠছে আপনারা সবাই জানেন। অদ্ভুদ কিসিমের মানুষ তৈরী হচ্ছি আমরা। নেই কোন খেলাধুলা, আনন্দ নেই কোন বিনোদন। আজকে এই প্রজন্মের অবস্থা ভ্রান্ত মুরগির মত। কারণ খেলাধুলার চর্চা নেই। এই খেলাধুলা পরিচালনার জন্য যে সংস্থা সেই সংস্থা আজ মুখ থুবড়ে পড়ে আছে। কিছু স্বার্থবেষী মহল এটাকে অচল করে রেখেছে। যার কারণে আন্দোলন করলেও কোন সুফল মিলছে না। তাদের স্বার্থের জন্য আজ মেহেরপুরের প্রজন্ম নষ্ট হয়ে যাচ্ছে। অবিলম্বে নির্বাচন না হলে আগামীতে বৃহত্তর কর্মসূচী ঘোষণার হুশিয়ারি দেন বক্তারা। পরে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

## বৃদ্ধ বাবা-মাকে মালয়েশিয়া ভিলা

ছেলে। সংসারের বড় ছেলে হওয়ায়, নিজেকে প্রতিষ্ঠিত করতে এলাকাতেই বিভিন্ন ব্যবসা বানিজ্য শুরু করেন। তবে ব্যবসায় লোকসান ও মানুষের কাছ থেকে প্রতারিত হয়ে, পনের বছর আগে পারি জমান মালয়েশিয়া। প্রথমে দুই বছর চাকুরী করে নিজে ব্যবসা শুরু করেন প্রবাসে। পরবর্তীতে নিজের আপন ছোট দুই ভাইকে বিদেশে পাঠান। তিন ভাই-ই এখন রেমিটেন্স যোদ্ধা। নিজেরা আর্থিকভাবে সাবলম্বী হওয়ার পাশাপাশি আত্মীয় স্বজন ও এলাকার মানুষের জন্য কাজ করে যাচ্ছেন তারা।
বাবা-মায়ের খুশির জন্য বাগেরহাট সদর উপজেলার বৈটপুর নামক স্থানে মালয়েশিয়া ভবন নামের একটি পাকা বাড়ি নির্মান করেছেন। বাবা-মাকে দেওয়া উপহারের ভবন তাদের দিয়েই উদ্বোধন করিয়েছেন প্রবাসী ছেলেরা। বৃদ্ধ বয়সে ছেলেদের কাছ থেকে এমন উপহার পেয়ে খুশি বৃদ্ধ বাবা-মা ও অন্যান্য স্বজনরা।
প্রবাসী জাহাঙ্গীরের বাবা রুস্তম আলী হাওলাদার বলেন, বাবা হিসেবে ছেলেদের জন্য সব সময় দোয়া করি। ছেলেরাও আমাকে অনেক ভালবাসে। কোন কিছুর অভাব বুঝতে দেয় না। সৃসজ্জিত এই ভবনে এসে আমার প্রান জুড়িয়ে গেছে। কখনও ভাবিনি এরকম একটি ভবনে থাকতে পারব। সমাজের অন্য সন্তানরা যদি তাদের বাবা-মাকে ভালবাসেন এবং দায়িত্ব পালন করেন তাহলে আর বৃদ্ধাশ্রম তৈরি হবে না।
জাহাঙ্গীর হাওলাদারের মা ফরিদা বেগম বলেন, আজ আমাদের অনেক আনন্দের দিন। কিন্তু সন্তানরা কাছে নেই। তারপরও আমার জাহাঙ্গীরের ছেলে-মেয়ে ও বউকে নিয়ে এই বাড়িতে উঠতে পেরেছি এজন্য আল্লাহর কাছে শুকরিয়া আদায় করি। দোয়া করি আমার ছেলেরা সব সময় ভাল থাকুক।
প্রতিবেশী মোঃ হারুণ বলেন, এই বাড়িতে এসে একটি ব্যতিক্রম বিষয় দেখলাম। প্রবাসীরা সাধারণত নিজের আখের গোছাতে ব্যস্ত থাকেন। কিন্তু প্রবাসী জাহাঙ্গীর নিজে এলাকায় না এসেও, বাবা-মায়ের জন্য ভবন করেছেন এটা সমাজের জন্য অনুকরনীয় হত পারে বলে দাবি করেন তিনি।
প্রবাসী জাহাঙ্গীর হাওলাদার বলেন, আমার দুই সন্তান, স্ত্রী, বাবা-মা ও আত্মীয় স্বজন-ই আমার আপনজন। আমি ভাল থাকব, আর আমার আপনজনরা কষ্টে থাকবে, এটা কখনওই মেনে নেওয়া যায় না। প্রবাসে এসে টাকা আয় করার শুরু থেকেই চেয়েছি বাবা-মাসহ সবাইকে ভাল রাখতে। ভবন কিছুই না, আমি চাই আমার বাবা-মাসহ স্বজনরা সব সময় ভাল থাকুক। জাহাঙ্গীরের স্ত্রী মিস শিরিন বেগম বলেন, আমার ছেলে পোলা মাহফুজা ও মেয়ে ফাতেমা আক্তার লিমাকে যেমন আদর করি, আমার শ্বশুর-শাশুরীকে তেমনি আদর-সম্মান করি। সব সময় চেষ্টা করি, তাদের কোন সমস্যা না হয়। তারা কষ্ট পায় এমন কোন কাজ করি না। দোয়া করি আল্লাহ তাদের দীর্ঘজীবি করুণ।
বাগেরহাট শহরতলীর দরাটানা সেতুর সন্নিকটে করা একতলা মালয়েশিয়া ভবনে আটটি কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি কক্ষে রয়েছে আধুনিক সব সুযোগ সুবিধা।

## ঝিনাইদহে ডাঃ রাশেদ আল-মামুনের

গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার সদর উপজেলার উত্তর কাষ্টসাগরা গ্রামের মাদ্রাসা মাঠে যোহর নামাজ বাদ জানাজা শেষে মরহুমের দাফন সম্পন্ন করা হয়। তিনি বিদুৎ বিভাগের খুলনা খালিশপুর থেকে অবসরে যান। তার এই মৃত্যুতে কালীচরণপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, সাংবাদিক বসির আহাম্মেদ, চিকিৎসক, বিদ্যুৎ বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ নানা শ্রেণী পেশার মানুষ শোকাহত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন।

## আলমডাঙ্গায় নিমগ্ন পাঠাগারের

সকালে মতবিনিময় ও আলোচনা সভার আয়োজন করা হয়। মাওলানা মুহাম্মদ আব্দুল্লাহর কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।
অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য প্রদান করেন মাওলানা ইমদাদুল হক, মাহফুজুল হক, মোস্তাফিজুর রহমান রানা, শাহিন আহমেদ টিটো, মেহেদি হাসান মোহন, আল মাসুদ আব্দুল্লাহ, মুসআব নুসাইর ও নাদিউজ্জামান রিজভী। এছাড়াও নাশিদ ও স্বরচিত কবিতা পাঠ করেন তাওহীদুল ইসলাম খান ও শুয়াইব হোসেন।
পাঠকদের বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়। এ সময় আরো উপস্থিত ছিলেন হাফেজ আল ইমরান বকুল, আসাদুজ্জামান শাহিন, কাজল আহমেদ, হাফিজুর রহমান, কামরুজ্জামান, ফারুখ হোসেন মোল্লা, সাইদুর রহমান সাইদ, শের আলী প্রমুখ।

## আলমডাঙ্গার নতুন ইউএনও'র সাথে

হবে। এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা হিন্দু কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি প্রতিনিধি অসীম কুমার সাহা, ক্যানেলপাড়া সার্বজনীন দূর্গা মন্দিরের গীতা শিক্ষক টুম্পা বিশ্বাস, প্রাক-প্রাথমিক শিক্ষক রুমা রানী দাস, পুরাতন বাসস্ট্যান্ড মন্দিরের প্রাক-প্রাথমিক শিক্ষক লাবনী দত্ত, স্টেশন পাড়া দূর্গা মন্দিরের প্রাক-প্রাথমিক শিক্ষক শিক্ষক গঙ্গা রানী দাস, রথতলা সার্বজনীন শ্রী শ্রী দূর্গা মন্দিরের শিশু গীতা শিক্ষক প্রিয়াংকা পাল প্রমুখ।

## শৈলকুপা থেকে হাবিবুল্লাহ নামের

করে যার জিডি ট্রাকিং নং-31PK7H, জিডি নং-১২০৯। পরিবারের পক্ষ থেকে হাবিবুল্লাহর সন্ধানের জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন। অপরদিকে নিখোঁজ হাবিবুল্লাহর ভাই বোরাহান উদ্দিন জানায়, তার ভাই হারিয়ে যাওয়ার খবর শোনার সাথে সাথে আমাদের পরিবারের সকল সদস্যই মানসিকভাবে ভেঙ্গে পরেছে। আর আমার মা অসুস্থ হয়ে পড়েছে। তাই দ্রুত আমার ভাইয়ের সন্ধান চাই।
আমি আশা করি আমার ভাই সুস্থ শরীরে বাড়িতে ফিরে আসবে। সেই সাথে কেউ যদি তাকে দেখে থাকেন বা খোঁজ পেয়ে থাকেন। তাহলে নিচের মোবাইল নাম্বারে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। যোগাযোগ ভাই মোঃ বোরাহান উদ্দিন,মোবাইল নাম্বার-০১৯৩৯-৮৬৮৩৮৯।

## গাংনী মটমুড়া ইউপির নব-নির্বাচিত

শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন থাকা অবস্থায় মারা যান তিনি। পরে এই ওয়ার্ডটি শূন্য ঘোষণা করেন নির্বাচন কমিশনার (সিইসি)। গত ২৫ মে ওই ওয়ার্ডে উপ-নির্বাচিত অনুষ্ঠিত হয়। নির্বাচনে আব্দুস সোবহানের স্ত্রী ভোটের মাধ্যমে নির্বাচিত হয়।

## সাতক্ষীরায় বাসের ধাক্কায়

অবসর নেন। সাতক্ষীরা সদর থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) জাহাঙ্গীর হোসেন জানান, আকরামুল সানা জোহরের নামাজ পড়ে ইটাগাছা সিএন্ডবি মসজিদ থেকে মোটরবাইকে বের হচ্ছিলেন। এসময় কালিগঞ্জগামী একটি বাস তার বাইকে ধাক্কা দিলে তিনি রাস্তায় পড়েন। এতে তার মাথা থেতলে যায়। ঘটনাস্থলেই মারা যান আকরামুল সানা। এঘটনায় বাসটিকে জব্দ করা হয়েছে। তবে চালক পালিয়েছে। মরদেহ ময়না-তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে বলে জানান পুলিশ কর্মকর্তা জাহাঙ্গীর।

## হরিণাকুন্ডুর ভবানীপুর বাজারে

একই জমিতে আমার বাবা ভবানীপুর বাজারের রাস্তার পাশে একটি বরফ কল ও লেদ মেশিনের ব্যবসা করে আসছে। কিন্তু আমার বাকি দুই চাচা ও তার ছেলেরা জমি ছেড়ে দেওয়ার জন্য বারবার হুমকি ধামকি ও ভয়-ভীতি দেখিয়ে আসছে। আমরা তাদের সঙ্গে কোন প্রকার বিরোধ না করে চুপচাপ থাকার চেষ্টা করি। গতকাল মঙ্গলবার সন্ধ্যার সময় বাজারের বর্তমান সভাপতি ছরুর নেতৃত্বে বেশ কিছু লোকজন নিয়ে আমাদের দোকানপাট ভাঙচুর করে। তারা আমাকে এলোপাতাডড়ি মারধর,বকাবকি করে। এবং বলে আজকের মধ্যে এই জায়গা খালি করবি এই জমির অনেক দাম না হলে তোকে ও তোর বাবাকে প্রাণে মেরে ফেলবো। বরফকল ভাঙচুর শেষে তাঁরা আমার ক্যাশ টেবিল থেকে আনুমানিক ১লক্ষ ৫০ হাজার টাকা জোরপূর্বক ছিনতাই করে নিয়ে যায়। এই ঘটনার পরে আমি হরিনাকুন্ডু সদর হাসপাতালে ভর্তি হই এবং থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করি। কিন্তু তারপরেও তারা আমাকে বিভিন্ন রকম ভয় ভীতি হুমকিধান কি প্রদান করেই চলেছে।
ভবানীপুর বাজার কমিটির সভাপতি সরোয়ার হোসেন ছরু বলেন, হারুন অর রশিদ আমার সম্পর্কে ভাই হয়। তার সঙ্গে আমার পারিবারিক জায়গা জমি নিয়ে বিরোধ আছে। আমি তাদের জায়গা জমি সঠিকভাবে বন্টন করে নিতে বলেছি কিন্তু তারা নিতে চাই না। সেজন্য আমার অন্য ভাইয়েরা তাঁর উপর রাগ করে তার ছেলে রাজুর উপর হালকা-পাতলা কিছু মারধর করে ও দোকানের মালপত্র বাইরে ফেলে দেয়। এটা খুব বড় কোন বিষয় না।
হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ আবু আজিফ বলেন তাহেরহুদা ইউনিযনের ভবানীপুর বাজারে এক ব্যবসায়ীর বরফ কল ও দোকানপাট ভাঙচুর করেছে হলে আমাদের কাছে একটি অভিযোগ দিয়েছে। আমরা অভিযোগের সত্যতা যাচাই করে আইনগত ব্যবস্থা নেব। এ বিষযে ভবানীপুর পুলিশ ফাঁড়ির ইনচার্জকে নির্দেশ দেওয়া হয়েছে।

## মেহেরপুরে ভ্রাম্যমান আদালতে

কোর্ট সূত্র জানা গেছে, মোঃ রুবেল হেরোইন সেবনের কথা স্বীকার করায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ৩৬ (৫) ধারায় ১৪ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। এর আগে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে অভিযান চালিয়ে মাদক সেবন করার সময় রুবেল হোসেনকে আটক করা হয়।

## বাগেরহাটে বাড়ছে ডেঙ্গু রোগীর

দিনে সহস্রাধিক রোগী বিভিন্ন স্বাস্থ্য জটিলতা নিয়ে হাসপাতালের বহির্বিভাগে বিভাগে চিকিৎসা নিচ্ছেন। যার বেশিরভাগ জ্বর সর্দি জনিত রোগে আক্রান্ত রোগী। বর্তমানে ২৪৭জন রোগী হাসপাতালে ভর্তি রয়েছেন।
বাগেরহাটের সিভিল সার্জন ডা. জালাল উদ্দিন আহমেদ বলেছেন, বাগেরহাট জেলা সদর হাসপাতাল ছাড়া অন্য উপজেলা গুলোতে ডেঙ্গু রোগী সনাক্ত হয়নি। ডেঙ্গু যাতে জেলায় ছড়িয়ে না পড়ে সে লক্ষে আমরা বিভিন্ন সভা সেমিনারে সচেতনতামূলক বক্তব্য দিচ্ছি। বাড়িঘর, বাজার ও রাস্তাঘাট পরিস্কার পরিচ্ছন্ন রাখতে সংশিøষ্টদের অনুরোধ করা হয়েছে।

## আবার বাড়লো কাঁচা মরিচের দাম

কাওরান বাজারসহ বেশ কয়েকটি বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে।
সরেজমিনে দেখা গেছে, ব্যবসায়ীরা কেজিতে কাঁচা মরিচের দাম চাচ্ছেন ৪৮০ থেকে ৫০০ টাকা। হঠাৎ করেই এমন দামের হেরফেরে ফের অস্বস্তিতে পড়েছেন ক্রেতারা।
মরিচের দাম নিয়ে এমন প্রেক্ষাপটে ক্রেতাদের পাশাপাশি চটেছেন খুচরা ব্যবসায়ীরাও। তারা বলছেন, কিছুদিন পর পর একেকটা পণ্যের মূল্য নিয়ে তামাশা চলছে।
একদিনের ব্যবধানে কীভাবে মরিচের দাম এমন অস্বাভাবিকভাবে বেড়ে যায়-তা নিয়ে প্রশ্ন তুলছেন ক্রেতারা। সিন্ডিকেট দাম বাড়াচ্ছে বলে মনে করছেন তারা।
খুচরা ব্যবসায়ীরা জানান, পাল্লাপ্রতি (৫ কেজি) পাইকারিতে কাঁচা মরিচ বিক্রি হচ্ছে ২ হাজার থেকে ২১০০ টাকায়। সে হিসেবে কেজি পড়ছে ৪০০ টাকার উপরে। এছাড়া গাড়ি ভাড়া ও কিছু খরচ মিলিয়ে খুচরা পর্যায়ে কেজিতে দাম ছাড়িয়ে যাচ্ছে ৫০০ টাকা।
স্পম্প্রতি কয়েকদিনের ব্যবধানে দেশে কাঁচা মরিচের দাম ইতিহাসের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছায়। হঠাৎ করেই দাম বেড়ে যাওয়ায় দেখা দিয়েছে চরম অস্থিরতা। দেশের বিভিন্ন স্থানে কাঁচা মরিচ ৮০০ থেকে ১ হাজার টাকায়ও বিক্রি হতে দেখা গেছে। ভরা মৌসুমে কেন এতো দাম- এ প্রশ্ন রেখে ক্রেতাসহ প্রান্তিক চাষিরাও জীবনে এই প্রথম কাঁচা মরিচের দাম দেখে হতবাক হয়েছেন।

## খাবারে কাঁচা মরিচ না দেওয়ায় বর

ও সালাদ দেওয়া হয়নি। বিষয়টি নিয়ে কনে পক্ষের সঙ্গে বর পক্ষের লোকজনের কথা কাটাকা?টি হয়। একপর্যায়ে উভয়পক্ষের লোকজন লাঠিসোটা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় উভয়পক্ষের ১৫ জন আহত হয়েছেন। আহতদের বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল ও বাউফল উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। বাউফল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের চিকিৎসক ডা. মিরাজুল ইসলাম বলেন, মতি হাওলাদার, ফিরোজ ও সালেহা নামে তিনজনকে ভর্তি করা হয়েছে। এছাড়া ৭ জনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।
বগা পুলিশ ফাঁড়ির এসআই মো. সোহেল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়। আহতদের মধ্যে রফিক ও মিজান নামের দু'জনকে বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।
কনকদিয়া ইউপি চেয়ারম্যান মো. শাহিন হাওলাদার বলেন, কী আর বলবো, ঘটনাটি খুবই দুঃখজনক।
এ বিষয়ে বাউফল থানার ওসি এটিএম আরিচুল হক বলেন, কেউ অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে ব্যবস্থা নেব।

## এলাকা ছেড়েও ধর্ষণের হাত থেকে

ভুক্তভোগীর পরিবার ঢাকায় পাড়ি জমায়। তাতেও বিরত হয়নি অভিযুক্ত সুমন। ঢাকায় গিয়েও ভুক্তভোগীকে উত্যক্ত করতে থাকে সুমন।
এরই একপর্যায়ে শনিবার রাতে জানালা ভেঙে ভুক্তভোগীর শোবার ঘরে ঢুকে ধর্ষণ করে সুমন। পরে ভুক্তভোগীর চিৎকারে পাশের ঘর থেকে তার বাবা-মা আসলে সুমন জানালা দিয়ে পালিয়ে যায়। পরে সকালে বিষয়টি সুমনের পরিবারকে জানাতে গেলে ভুক্তভোগী ও তার পরিবারের সদস্যদের মারধর করে সুমন ও তার পরিবারের সদস্যরা।
চাকরির প্রলোভনে গৃহবধূকে ধর্ষণের অভিযোগচাকরির প্রলোভনে গৃহবধূকে ধর্ষণের অভিযোগ
এ ব্যাপারে অভিযুক্ত সুমনের বাড়িতে গেলে কাউকে পাওয়া যায়নি। তবে প্রতিবেশীরা জানান, গ্রেপ্তার আতঙ্কে তারা পালিয়ে গেছে।
কামারখন্দ থানার ওসি)নুরনবী প্রধান বলেন, ভুক্তভোগীর বাবা ধর্ষণের অভিযোগে মামলা করেছেন। সিরাজগঞ্জ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হাসপাতালে ভুক্তভোগীর শারিরীক পরীক্ষা করা হয়েছে। অভিযুক্ত সুমনসহ অন্যান্য আসামিদের গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে।

## বিমানের ২৬ কর্মচারীসহ ৩০

হলেন, নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র তৈরি কমিটির অন্যতম সদস্য মেজর তাইজ ইবনে আনোয়ার, এমটি অপারেটর জাহাঙ্গীর আলম, মো. মাসুদ, মো. মাহ-বুব আলী, এমএলএসএস মো. জাহিদ হাসান, অফিস সহায়ক আওলাদ হোসেন, এমটি অপারেটর এনামুল হক, এমএলএসএস হারুন অর রশিদ, এমটি অপারেটর মাহফুজুল আলম, এমএলএসএস সমাজু ওরফে সোবাহান, এমএলএসএস জাকির হোসেন ও হেলপার জাবেদ হোসেন।
২০২২ সালের ২১ অক্টোবর বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ১২টি পদে নিয়োগ পরীক্ষার তারিখ ধার্য ছিল। তবে এ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠে। পরে পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগে তা স্থগিত করা হয়। পরীক্ষা স্থগিতের ঘোষণা দেওয়ায় তাৎক্ষণিকভাবে পরীক্ষাকেন্দ্রের সামনে বিক্ষোভ শুরু করেন চাকরিপ্রার্থীরা। তবে কিছুক্ষণ পর প্রার্থীরা কেন্দ্র থেকে চলে যান। প্রশ্নফাঁসের ঘটনায় বিমানবন্দর থানায় গত ২৬ অক্টোবর ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা করা হয়।
বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ওয়েবসাইটে এক বিজ্ঞপ্তিতে বলা হয়, অনিবার্য কারণে কর্তৃপক্ষের নির্দেশক্রমে ২১ অক্টোবরের অনুষ্ঠিতব্য ১০ পদের পরীক্ষা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে।
পদগুলো হলো- জুনিয়র টেইলর কাম আপহোলস্টার, প্রি-প্রেস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র এমটি মেকানিক, জুনিয়র এয়ারকন মেকানিক, জুনিয়র ওয়েল্ডার জিএসই, জুনিয়র পেইন্টার জিএসই, জুনিয়র মেকানিক (টায়ার) জিএসই, জুনিয়র মেকানিক জিএই (ক্যাজুয়াল), জুনিয়র ইলেকট্রিশিয়ান জিএসই (ক্যাজুয়াল) ও জুনিয়র অপারেটর জিএসই (ক্যাজুয়াল)।

## মার্কিন কর্মকর্তাদের আগমন দু'দেশের

কথা রয়েছে -এ বিষয়ে প্রশ্ন করলে সম্প্রচারমন্ত্রী বলেন, মার্কিন যুক্তরাষ্ট্রের অনেক কর্মকর্তা এসেছেন এবং সহসাই আরো বেশ কয়েকজন আসবেন।
তিনি বলেন, 'যুক্তরাষ্ট্রের সাথে আমাদের সম্পর্ক বহুমাত্রিক। তাদের সাথে আমাদের নিরাপত্তা সংক্রান্ত সহযোগিতা রয়েছে এবং বিশ্বাঙ্গণেও বহুমাত্রিক সহযোগিতার মাধ্যমে আমরা কাজ করি। বাংলাদেশের উন্নয়নেও মার্কিন যুক্তরাষ্ট্র বিরাট ভূমিকা রাখছে।'
বিএনপির মহাসচিব ইউরোপীয় ইউনিয়ন প্রতিনিধিদের বলেছেন, 'কোনো দলীয় সরকারের অধীনে নিরপেক্ষ নির্বাচন সম্ভব না' এ নিয়ে প্রশ্নে হাছান মাহমুদ বলেন, 'দেশের মালিক জনগণ। রাষ্ট্র ক্ষমতায় কারা যাবে সেটি নির্ধারণ করার মালিক হচ্ছে জনগণ। বিএনপির যদি কোনো নালিশ থাকে তা দিতে হবে জনগণের কাছে, বিদেশিদের কাছে নয়।'
জার্মানি, ফ্রান্স, নেদারল্যান্স, বেলজিয়ামসহ ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোতে, যুক্তরাজ্যে যেভাবে নির্বাচন হয়, সেখানে যে সরকার ক্ষমতায় থাকে তারাই নির্বাচনকালীন সরকারের দায়িত্ব পালন করে আমাদের দেশেও ঠিক একইভাবে নির্বাচন হবে উল্লেখ করে তিনি বলেন, 'নালিশ তারা করতে পারে কিন্তু আমি বিএনপিকে অনুরোধ জানাবো নালিশ জনগণের কাছে করার জন্য, বিদেশিদের হাতে-পায়ে না ধরার জন্য।'

## তত্ত্বাবধায়ক সরকার ইস্যুতে

সরকার ইস্যু উচ্চ আদালত বাতিল করেছে। তাই এটা নিয়ে বিএনপির সঙ্গে কোনো সংলাপ হবে না।' গততাল বুধবার সকালে নগরীর আগারগাঁও বাংলাদেশ বিনিয়োগ কর্তৃপক্ষ ভবনে সালমান এফ রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে আলোচনা করেন যুক্তরাজ্যের আন্তর্জাতিক বাণিজ্যবিষয়ক মন্ত্রী নাইজেল হাডলস্টন। পরে সাংবাদিকদের ব্রিফ করেন তাঁরা। সালমান এফ রহমান সাংবাদিকদের বলেন, 'বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক জোরদারের লক্ষ্যে যুক্তরাজ্যের আন্তর্জাতিক বাণিজ্যবিষয়ক মন্ত্রী নাইজেল হাডলস্টন এমপি বাংলাদেশ সফরে এসেছেন। বৈঠকে বাণিজ্য ও ব্যবসা নিয়েই ৯০ শতাংশ কথা হয়েছে। তবে রোহিঙ্গা ইস্যুতে কথা বলতে গিয়ে রাজনীতি নিয়ে কথা হয়েছে। ইউকে একটা অবাধ ও নিরপেক্ষ নির্বাচন চায়। আমরাও নির্বাচন কমিশনকে শক্তিশালী করেছি। সরকার নিরপেক্ষ নির্বাচনে কমিটেড। আমাদের ইসি স্বাধীন। অনেক সিটি করপোরেশন নির্বাচন নিরপেক্ষ হচ্ছে এটা তার প্রমাণ। সংবিধান মেনেই নির্বাচন হবে এই দাবি তারা মেনে নিয়ে সংলাপে আসলে আমরা সংলাপে রাজি।'

## ইইউ রাষ্ট্রদূতকে বলেছি নির্দলীয়

অংশগ্রহণমূলক নির্বাচন চান। একইভাবে এটা আরও এক্সপ্লোর করার জন্য আগামীতে তাদের একটা টিম আসবে।
'আপনারা কী বলেছেন' এমন প্রশ্নের জবাবে বিএনপি মহাসচিব বলেন, আমরা পরিষ্কার করে বলেছি যে, বাংলাদেশের পরিস্থিতি এমন যে এখানে নিরপেক্ষ নির্দলীয় সরকার ছাড়া কোনো সরকারের অধীনে নির্বাচন করা সম্ভব নয়।
গত মঙ্গলবার (৪ জুলাই বিকেলে গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠক করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।
বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মির্জা ফখরুল বলেন, আপনারা জানেন ইউরোপীয় ইউনিয়ন থেকে দেশে একটা এক্সপার্ট টিম আসবে আগামী সপ্তাহে। এই টিমের সঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলগুলোর, সিভিল সোসাইটির কথা হবে আলোচনা হবে। এ বিষয়ে আজ আমাদের সঙ্গে আলোচনা হয়েছে। নির্বাচনের ব্যাপারেই আলোচনা হয়েছে। বাংলাদেশের বর্তমান পরিস্থিতি, আমাদের চিন্তা, আমরা কী ভাবছি, কী করছি সে বিষয়গুলো আলোচনা হয়েছে।
গুলশানে বিএনপির চেয়ারপারসনের কার্যালয়ে আজ মঙ্গলবার বিকেলে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলামের বৈঠক হয়। ছবি: সংগৃহীত
আন্তর্জাতিক মহলের মধ্যস্থতায় সরকারের সঙ্গে সংলাপের সম্ভাবনা আছে কি না, জানতে চাইলে তিনি বলেন, আমি এ বিষয়ে এখনই কোনো কথা বলতে পারব না। এ ধরনের কোনো আলোচনা আজ হয়নি। আলোচনাটা হয়েছে বর্তমানে বাংলাদেশে নির্বাচনের পরিস্থিতি আছে কি না, এই সরকারের অধীনে নির্বাচন সম্ভব বা সম্ভব নয়, সেটাই তারা জানতে চেয়েছে।
'নির্বাচনকালীন প্রেসক্রিপশনের আলোচনার বিষয়ে ইইউর কোনো পরামর্শ আছে কিনা' এমন প্রশ্ন করলে মির্জা ফখরুল বলেন, প্রেসক্রিপশনের প্রশ্নই উঠতে পারে না। এখানে নির্বাচন হতে হবে সুষ্ঠুভাবে, এখানে সুষ্ঠু অবাধ নির্বাচন সম্ভব নয় নিরপেক্ষ নির্দলীয় সরকার ছাড়া। বর্তমানে আওয়ামী লীগ যে অবস্থা তৈরি করেছে যে এটা এখন প্রমাণিত গত দুই নির্বাচনে যে নির্দলীয় সরকার ছাড়া এখানে নির্বাচন সম্ভব না।
বৈঠকে রাষ্ট্রদূতের সঙ্গে ডিসিএম স্প্যানিয়ার বার্ড ও পলিটিক্যাল অফিসার সেবাস্টিয়ান উপস্থিত ছিলেন। বিএনপি মহাসচিবের সঙ্গে ছিলেন দলের মানবাধিকার বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট আসাদুজ্জামান।

## প্রতিটি খাদ্যপণ্য সংরক্ষণ করব

অনুসরণ করে সরকার সব ক্ষেত্রে প্রশিক্ষণের ওপর জোর দিচ্ছে। এজন্য মিলিটারি একাডেমিসহ সব প্রতিষ্ঠানে প্রশিক্ষণের ব্যবস্থা উন্নত করা হয়েছে। এ সময় প্রধানমন্ত্রী জানান, শেরে বাংলানগরে আগে যেখানে বাণিজ্য মেলা হতো সেই স্থানটি পিজিআরের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে।
শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ সরকার গত সাড়ে ১৪ বছরে দেশের প্রতিটি সেক্টরে কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন করেছে। ইতোমধ্যে বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে। আমাদের মাথাপিছু আয় ২০০৬ সালের ৫৪৩ মার্কিন ডলার থেকে বেড়ে দুই হাজার ৮২৪ মার্কিন ডলার হয়েছে। আমরা দারিদ্র্যের হার ৪১.৫ শতাংশ থেকে কমিয়ে ১৮.৭ শতাংশ এবং অতিদারিদ্র্যের হার ৫.৬ শতাংশে নামিয়ে এনেছি।
বাংলাদেশের সক্ষমতার কথা তুলে ধরে শেখ হাসিনা বলেন, আমরা আমাদের উন্নয়ন সহযোগীদের থেকে ধার নিই। আমরা কারও থেকে হাত পেতে নিই না। আবার সুদসহ সেই অর্থ ফেরতও দিই। কিন্তু ভাবখানা এমন ছিল যেন আমরা ভিক্ষা নিচ্ছি। এই যে শর্ত দেওয়া। তবে পদ্মা সেতুর এই সিদ্ধান্তের পর এখন আর অত বেশি শর্ত দিতে কেউ সাহস পায় না বা দেয় না।
সরকারপ্রধান বলেন, আমরা ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা করেছি। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের দিকে ধাবিত হচ্ছি। সব ষড়যন্ত্র মোকাবিলা করে আমাদের নিজেদের অর্থে বহুল আকাঙ্ক্ষিত পদ্মা সেতু নির্মাণ করেছি। ফলে বিশ্বের বুকে বাংলাদেশের সক্ষমতা ও মর্যাদা বহুলাংশে বেড়েছে।
একদিনে ১০০ সেতু এবং একদিনে ১০০ সড়ক উদ্বোধনকে বিশ্বে বিরল উদাহরণ আখ্যায়িত করে শেখ হাসিনা বলেন, আমরা দেশের সব ভূমিহীন-গৃহহীনকে বাড়ি নির্মাণ করে দিচ্ছি। আমরা জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ও মাদক নির্মূলে জিরো টলারেন্স নীতিতে কাজ করে যাচ্ছি।
সশস্ত্র বাহিনীর প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, যখনই যেই দেশে আমাদের দেশের শান্তিরক্ষীরা কাজ করেছে, সেই দেশের রাষ্ট্রপ্রধান বা সরকারপ্রধান যখন আমাদের বাহিনীর প্রশংসা করে তখন সত্যিই আমার গর্বে বুক ভরে যায়। এই যে আমরা সম্মান পাচ্ছি, সেটিকে ধারণ করে আমাদের এগিয়ে যেতে হবে।
বঙ্গবন্ধু কন্যা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন বাংলাদেশকে কেউ দাবায়ে রাখতে পারবা না। ইনশাআল্লাহ বাংলাদেশকে আর কেউ দাবায়ে রাখতে পারবে না।

## মার্কিন কূটনীতিকদের আগে

মূলত আলোচনার জন্য দিয়েছে। জানা গেছে, সংক্ষিপ্ত সফরে সৌরভ কুমার বৃহস্পতিবার সকালে ঢাকায় পৌঁছাবেন। সফরের শুরুর কর্মসূচিতে সৌরভ বাংলাদেশের পররাষ্ট্র সচিবের সঙ্গে বৈঠক করবেন। পরে নয়া দিল্লির পররাষ্ট্রের সচিব (পূর্ব) যাবেন বিমসটেকের কার্যালয়ে। সেখানে তিনি বৈঠক করবেন বিমসটেকের সেক্রেটারি জেনারেল তেনজিন লেকফেলের সঙ্গে।
উল্লেখ্য, গত বছরের জানুয়ারি থেকে ভারতের পররাষ্ট্রসচিব (পূর্বের) দায়িত্ব পালন করছেন পেশাদার কূটনীতিক সৌরভ কুমার। ১৯৮৯ সালে ভারতের পররাষ্ট্র ক্যাডারে যোগ দেওয়া সৌরভ বর্তমান দায়িত্বের আগে মিয়ানমার ও ইরানে নয়া দিল্লির হয়ে রাষ্ট্রদূতের দায়িত্ব পালন করেছেন।

## পদ্মা সেতুতে চলন্ত গাড়িতে

আসতেই রোবটিক ক্যামেরা গাড়ি শনাক্ত করবে। নির্ধারিত টোল কাটা হলে ব্যারিয়ার উঠবে এবং স্ক্রিনে ব্যালেন্স দেখা যাবে। এছাড়া হাইব্রিড সিস্টেম-টাচ অ্যান্ড গো পদ্ধতিও থাকবে। কার্ডে ব্যালেন্স থাকলে টাচে ক্যাশলেস টোল দেওয়া যাবে। কেউ চাইলে ক্যাশেও টোল দিতে পারবেন। নতুন এ দুই পদ্ধতি চালু হলে টোল প্লাজা অতিক্রমে কোনো সময় অপচয় হবে না।
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক আমিরুল হায়দার চৌধুরী বলেন, পদ্মা সেতুর দুই প্রান্তে এখন ১৫টি লেন দিয়ে টোল আদায় করা হচ্ছে। এই প্রক্রিয়া আধুনিক করার ক্ষেত্রে ১৭টি লেন চালু থাকবে। পরিকল্পনা রয়েছেমাওয়া প্রান্তে ১ নম্বর বুথে আরএফআইডি, ২ নম্বর বুথে হাইব্রিড অর্থাৎ আরএফআইডি, টাচ অ্যান্ড গো এবং ক্যাশ তিন পদ্ধতিই থাকবে। আর ৩ থেকে ৭ নম্বর মোট ৫টি বুথে থাকবে টাচ অ্যান্ড গো এবং ক্যাশ। বাকি ৮ নম্বর বুথে শুধু মোটরসাইকেলের জন্য কমিপউটার কালেক্টর পদ্ধতিতে ম্যানুয়ালি বর্তমান সিস্টেমে টোল আদায় করা হবে। একইভাবে জাজিরা প্রান্তে টোল আদায় হবে। তবে এই প্রান্তের ৯টি বুথ থাকবে। এখানে ৮ ও ৯ নম্বর বুথে কমিপউটার কালেক্টর পদ্ধতিতে ম্যানুয়ালি নগদ টাকা আদায় করা হবে। এই টোল আদায়ের জন্য কার্ড এবং রেজিস্ট্রেশনের জন্য মাওয়া প্রান্তে পদ্মা সেতু উত্তর থানার কাছে কাউন্টার চালু করা হবে। বাংলাদেশি প্রতিষ্ঠান 'একপে' কার্ড এবং রেজিস্ট্রেশনের কাজটা করার কথা রয়েছে।
সংশ্লিষ্টরা আরও জানান, যানবাহনের সামনে ড্যাশবোর্ডে থাকবে। আরএফআইডি নম্বর সংযুক্ত হবে ব্যাংক হিসাবে। এই আইডিতে অগ্রিম টাকাও রিচার্জ করা যাবে। বিশ্বের জনপ্রিয় এই দুই পদ্ধতি শুরু হচ্ছে। এই টোল পদ্ধতিতে অপেক্ষায় থাকতে হবে না। প্রযুক্তির সঠিক ব্যবহারের খবরে খুশি ব্যবহারকারীরাও।

## প্রথম দিনেই নারীদের হামলার

আমরা প্রতিহত করেছি। হিরো আলম জানান, তিনি বুধবার দুপুর ১২টায় মহাখালীর রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউটের (আইসিডিডিআর,বি) গেট সংলগ্ন সড়ক দিয়ে সাততলা বস্তিতে প্রবেশ করতে গেলে ২০-২৫ জন নারী সদস্যের একটি দল বাধা দেয়। বাধা এড়িয়ে বস্তিতে প্রবেশের চেষ্টা করলে তার ওপর হামলা করা হয়। দফায় দফায় হামলার একপর্যায়ে তিনি আইসিডিডিআর,বি কমপ্লেক্সে আশ্র?য় নেন। সেখানে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।
হামলার ঘটনায় জনসংযোগ স্থগিত ঘোষণা করে বিচার চাইতে তাৎক্ষণিক নির্বাচন কমিশনে যাওয়ার ঘোষণা দেন হিরো আলম।
হিরো আলম সাংবাদিকদের কাছে অভিযোগ করে বলেন, সাততলা বস্তি এলাকায় জনসংযোগের সময় আমার ওপর নারী বাহিনী দিয়ে হামলা চালানো হয়েছে। তারা সবাই আওয়ামী লীগের নেতাকর্মী। এই হামলা প্রমাণ করেছে নির্বাচন কোনোভাবেই সুষ্ঠু হবে না।
এদিকে হামলায় অংশগ্রহণকারী নারীরা বলেন, হিরো আলম আমাদের ওপর আগে হামলা করেছে, আমরা প্রতিহত করেছি।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০ কর্মকর্তা

আনসার-১ শাখার উপসচিব কে এম সালাহউদ্দিনকে মেডিক্যাল-১ শাখায় বদলি করা হয়েছে। অন্য আদেশে জানানো হয়েছে, রাজনৈতিক-৫ শাখার ব্যক্তিগত কর্মকর্তা মো. কামরুল ইসলামকে আইন অধিশাখা, সীমান্ত-৩ এর কম্পিউটার অপারেটর গনেশ চন্দ্র মন্ডলকে রাজনৈতিক-৫ শাখা, রাজনৈতিক-৪ এর অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জিহাদ মৃধাকে এনটিএমসি-১ শাখা, এনটিএমসি-১ শাখার অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক মো. হাসান সরকারকে রাজনৈতিক-৪ শাখা, রাজনৈতিক-৬ শাখার অফিস সহায়ক নবায়ন চন্দ্রকে রাজনৈতিক-৪ শাখা, রাজনৈতিক-৪ শাখার অফিস সহায়ক মোছা. বেবী নাজমীনকে আইন-২ শাখা, প্রশাসন-৩ শাখার অফিস সহায়ক আল আমিনকে রাজনৈতিক-৬ শাখা এবং আইন-২ শাখার পুলিশ সদস্য খন্দকার ইদ্রিস আলীকে প্রশাসন-১ শাখায় বদলি করা হয়েছে।

## আওয়ামী লীগের ভাবনা

'আমরা সব সময় চেষ্টা করব দেশের পরিস্থিতি স্বাভাবিক রাখতে। বিএনপি একদফার আন্দোলন বা আন্দোলনের নামে যদি পরিস্থিতি অস্থিতিশীল করার চেষ্টা করে, সেটা মানা হবে না। তখন রাজনৈতিকভাবেই তাদের মোকাবিলা করা হবে।' এর বাইরে বিএনপির একদফার আন্দোলন শুরু হলে দেশকে স্থিতিশীল রাখাও সরকারের জন্য একটি বড় চ্যালেঞ্জ। অতীতের মতো জ্বালাও-পোড়াও বা সহিংস পরিস্থিতি যাতে তৈরি না হয়, সে বিষয়টি নিয়ে বেশ সতর্ক আওয়ামী লীগের নেতারা।
২. পশ্চিমা দেশগুলোর ভূরাজনৈতিক স্বার্থ হাসিল: বিশ্বের অন্যতম পরাশক্তি হিসেবে যুক্তরাষ্ট্র এবং তাদের মিত্ররা যদি ভূরাজনৈতিক স্বার্থ আদায়ের জন্য আরও চাপ বৃদ্ধি করে, একই সঙ্গে রাজপথের বিরোধী দলগুলোকে ব্যবহার করার পন্থা বেছে নেয়, সেটা হবে আওয়ামী লীগের চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার জন্য অন্যতম বাধা। আমেরিকা ইতিমধ্যে বাংলাদেশের ৯ কর্মকর্তার উপর ভিসা নিষেধাজ্ঞা আরোপ করেছে। পাশাপাশি নতুন যে ভিসা নীতি ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র, তার আলোকে যদি আরও স্যাংশন দিতে চায়, সেটাও হবে আওয়ামী লীগের ক্ষমতায় আসার জন্য অন্যতম একটি বাধা।
এছাড়াও, যুক্তরাষ্ট্রভিত্তিক সংস্থার মদতে বাংলাদেশের দুর্নীতির খোঁজে কাজ করছে সেন্টার ফর গভর্নেন্স স্টাডিজ (সিজিএস)। এরই অংশ হিসেবে তাদের গবেষণা প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে প্রধান অতিথি করা হয়েছিল মার্কিন রাষ্ট্রদূত পিটার হাসকে। এ ধরনের কর্মকাণ্ডকে বাংলাদেশের রাজনীতিতে কূটনীতিকদের সক্রিয় করার একটা অপচেষ্টা বলেই মনে করছেন বিশ্লেষকরা। মূলত ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতকে অনুষ্ঠানে ডেকে অভ্যন্তরীণ নানা বিষয়ে আন্তর্জাতিক দৃষ্টি আকর্ষণের অপচেষ্টায় লিপ্ত রয়েছে সিজিএস। এটি পশ্চিমা দেশগুলোর ভূরাজনৈতিক স্বার্থ হাসিলের একটি অন্যতম ষড়যন্ত্র। আসছে নির্বাচনকে কেন্দ্র করে পশ্চিমা দেশগুলো ভূরাজনৈতিক স্বার্থ হাসিলে আরও তৎপর হয়ে ওঠতে পারে বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।
৩. অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান: নির্দলীয়, নিরপেক্ষ ত্তাবধায়ক সরকারের দাবিতে সম্প্রতি অনুষ্ঠিত পাঁচটি সিটি করপোরেশন নির্বাচনে অংশ নেয়নি বিএনপি। এছাড়াও জাতীয় সংসদের বিভিন্ন উপনির্বাচন থেকে সরে দাঁড়িয়েছে বিএনপি। বিএনপি দাবি করছে, বর্তমান ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের অধীনে কোনো অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন সম্ভব নয় এবং সেই বার্তা পশ্চিমা দেশগুলোতে প্রতিনিয়ত দিয়ে যাচ্ছে বিএনপি। ফলে বিএনপিসহ একটি পশ্চিমা পরাশক্তি এদেশে জাতীয় সংসদ নির্বাচন বানচালের একটি ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। কাজেই অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ একটি নির্বাচন অনুষ্ঠান করাও আওয়ামী লীগের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক আওয়ামী লীগের বেশ কয়েকজন নেতা জানিয়েছেন, এই মুহূর্তে আওয়ামী লীগের সামনে বড় চ্যালেঞ্জ অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ জাতীয় নির্বাচন নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।



## চুয়াডাঙ্গা সদর ও আলমডাঙ্গার ইউনিয়নে ইউনিয়নে স্বাস্থ্য সেবায় রাজ্জাক খান

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার ইউনিয়নে স্বাস্থ্য সেবা নিয়ে মানুষের পাশে দাঁড়িয়েছেন বিশিষ্ঠ সমাজ সেবক আব্দুর রাজ্জাক খান রাজ। 'মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য' এই শ্লোগানকে সামনে রেখে সেবার ব্রত নিয়ে নিরবে-নিভৃতে কাজ করে চলেছেন তরুণ উদীয়মান সমাজসেবক চুয়াডাঙ্গার কৃতি সন্তান মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই'র সহ-সভাপতি এম এ রাজ্জাক খান রাজ। ইউনিয়ন ভিত্তিক ফ্রি চিকিৎসা সেবা কার্যক্রমের ধারাবাহিকতায় গতকাল চুয়াডাঙ্গা জেলা সদরের শংকচন্দ্র ইউনিয়ন পরিষদে দিনব্যাপী স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালিত হয়। ইউনিয়ন বাসীর জন্য ফ্রি চিকিৎসা সেবা প্রদান করার পাশাপাশি ফ্রি ওষুধ বিতরণ. ফ্রি সুগার টেস্ট করানো হয় । এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা শংকচন্দ্র ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আব্দুর রহমান, শংকচন্দ্র ইউনিয়ন পরিষদের সচিব মোহাম্মদ মাসুদ রানা ও মেডিকেল টিমের ডাক্তারসহ টিমের সকল সদস্যবৃন্দ। এছাড়াও গতকাল আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়ন পরিষদের অফিস কক্ষে ফ্রি চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। এ সময় ইউনিয়ন চেয়ারম্যান মিনহাজ উদ্দিন বিশ্বাসসহ সকল ইউপি সদস্য ও ইউপি সচিব উপস্থিত ছিলেন। সেখানে প্রায় ৪৫০ জন কে ফ্রি চিকিৎসা সেবা দেওয়া হয়।

## মহেশপুরে বিদ্যুৎ স্পৃষ্টে গৃহবধুর মৃত্যু

**মহেশপুর প্রতিনিধ :** মহেশপুরে বিদ্যুৎ স্পৃষ্টে শাহিনুর বেগম (৩৫) নামে এক গৃহবধুর মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে উপজেলার ফতেপুর গ্রামে। নিহত শাহিনুর বেগম ঝিনাইদহের মহেশপুর উপজেলার ফতেপুর গ্রামের শরীফ উদ্দিনের স্ত্রী।

জানা গেছে, বুধবার বিকালে নিজ বাড়িতে টেবিল ফ্যানের সুইচ দিতে গেলে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান শাহিনুর বেগম। ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন মহেশপুর থানার ওসি খন্দকার শামীম উদ্দিন।



## যশোরের চিহ্নিত মাদক ব্যবসায়ী বেবী আটক

**এস আর নিরব, যশোর :** যশোরের চিহ্নিত নারী মাদক ব্যবসায়ী বেবী বেগমকে আটক করেছে পুলিশ। এসময় তার কাছথেকে ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়েছে। আটক বেবী বেগম ওরফে মর্জিনা তেতুলতলা ইসমাইল কলোনীর মৃত মোন্তাজ শেখের মেয়ে।

চাঁচড়া ফাঁড়ির এসআই সাইদুর রহমান জানান, বুধবার দুপুরে খবর আসে রেলগেট এলাকায় এক মাদক ব্যবসায়ী অবস্থান করছেন। তাৎক্ষনিক তার নেতৃত্বে একটি টিম রেলগেট আদর্শ পৌর প্রাথমিক বিদ্যালয়ের সামনে থেকে বেবীকে আটক করা হয়। এসময় তার পায়ের দুই উড়ুতে বিশেষ কায়দায় মোড়ানো অবস্থায় ২০টি ফেনসিডিল উদ্ধার করা হয়। এঘটনায় তিনি বাদী হয়ে মামলা করেছেন বলে জানিয়েছেন এসআই সাইদুর।




## যশোরের অভয়নগরে মাদকসহ ওয়ারেন্টভুক্ত ১০ জন আটক

**এস আর নিরব, যশোর :** অভয়নগর থানা পুলিশ মঙ্গলবার রাতে উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৩৮ পিচ ইয়াবা ও ১০০ গ্রাম গাঁজা জব্দ করেছে। এসময় মাদক বিক্রির অভিযোগে ৪ জন, জিআর ওয়ারেন্টে ২ জন এবং জুয়া খেলার অভিযোগে ৪ জনসহ মোট ১০ জনকে আটক করা হয়। মাদক বিক্রির অভিযোগে আটককৃতরা হলেন উপজেলার নর্থবেঙ্গল এলাকার সিরাজুল ইসলাম (৩১), গুয়াখোলা গ্রামের মামুন মোল্যা (৪৫), বুইকরা ড্রাইভারপাড়া এলাকার মেহেদী হাসান সাজু (২৯) এবং হিদিয়া পূর্বপাড়া এলাকার গফুর শেখের ছেলে শফিকুল শেখ (২৮)। জিআর এ ওয়ারেন্টভুক্ত আসামিরা হলেন উপজেলার চন্দ্রপুর গ্রামের ইবাদুল ইসলাম (৩০), ধূলগ্রামের রুবেল শেখ। জুয়া খেলার অভিযোগে উপজেলার সিরাজকাঠি এলাকার আরিফ শেখ (২৯), ইসরাইল হোসেন (২৯), আবদুর রহিম (৬০) ও মহাসিন মোল্যাকে (৪০) আটক করা হয়।

এ বিষয়ে অভয়নগর থানার ওসি এবিএম মেহেদী মাসুদ জানান, এ ঘটনায় অভয়নগর থানায় পৃথক মামলা হয়েছে।

## 'সুড়ঙ্গ' দেখতে দর্শকদের উপচে পড়া ভিড়

**বিনোদন প্রতিবেদক :** দীর্ঘদিন আইসিইউতে থাকা সিনেমা হলগুলোতে যেন প্রাণ ফিরেছে এবারের ঈদে মুক্তিপ্রাপ্ত সিনেমার মাধ্যমে। তবে ইতোমধ্যে 'সুড়ঙ্গ' দিয়ে হলে দর্শকের উপচে পড়া ভিড়ই প্রমাণ করে ভালো সিনেমাকে সবসময়ই গ্রহণ করেন সিনেমাপ্রেমীরা। নির্মাতা রায়হান রাফীর হাত ধরে অভিনেতা আরফান নিশো 'সুড়ঙ্গে'র মাধ্যমে বড় পর্দায় অভিষেক করে সফলতার ছাপ রেখেছেন। এখানেও যে তিনি তার দক্ষ অভিনয়ে দর্শকের হৃদয় ছুঁয়েছেন তা বলার অপেক্ষা রাখে না। 'সুড়ঙ্গ' সিনেমাটির প্রতিটি চরিত্রেরই প্রাণ কেন্দ্র ছিল গল্প। এ সিনেমায় নিশোর বিপরীতে অভিনয় করেছেন তমা মির্জা। ওটিটি সিনেমা কিংবা ওয়েব সিরিজ দিয়ে নিজেকে অনেক আগেই মেলে ধরেছেন তিনি। এবার তারই রেষ দেখা গেল সিনেমাটিতে। প্রেম, রহস্য, বাস্তবতা আর জীবনের সত্য ঘটনাই ফুটে উঠেছে সুড়ঙ্গে। যদিও নতুন কিছু নয় এর আগেও একাধিক সিনেমার গল্পে এমনটার দেখা মিলেছে তবে, মাঝ পথে তা থেমে গিয়েছিল। বেশ কয়েক বছর ধরেই নতুন করে বাংলা সিনেমার পাখা মেলেছে। অনবদ্য এই উড়াউড়ি চলুক এমনটাই চাচ্ছেন দর্শকরা। সরেজমিনে গিয়ে দেখা গেছে 'সুড়ঙ্গ' সিনেমার অধিকাংশ শো হাউসফুল যাচ্ছে। ঈদুল আজহা উপলক্ষে সিনেমাটি মুক্তি পেয়েছে ২৮টি সিনেমা হলে।

# বিয়ের ব্যাপারে আগ্রহ হারাচ্ছেন চীনা তরুণ-তরুণীরা

**আন্তর্জাতিক ডেস্ক :** বিয়ে করলে সরকারি নানা সুযোগ-সুবিধা পাওয়ার প্রতিশ্রুতি সত্ত্বেও বেকারত্ব এবং আর্থিক অনিশ্চয়তার কারণে চীনা তরুণ-তরুণীরা বিয়ে এবং পরিবার শুরু করার প্রতি আগ্রহ দেখাচ্ছে না। চীনের উত্তরের প্রদেশ সাংসির বাসিন্দা জিনহি হু। ২৯ বছর বয়সের এই স্কুলশিক্ষকের কাছে বিয়ের বিষয়টি গুরুত্ব পাচ্ছে না। যদিও তার বাবা ও মা এ বিষয়ে তাকে চাপ দিয়ে যাচ্ছেন এবং গত তিন বছরে অন্তত ২০টি 'ব্লাইন্ড ডেটে' পাঠিয়েছেন। এরপরও জিনহির জীবনে কোনো পরিবর্তন আসেনি। তিনি বিয়ে করার আগ্রহ পাচ্ছেন না। তিনি বলেন, 'বিয়ে করা না করা স্বাধীনতার ব্যাপার। সবার যত দ্রুত সম্ভব বিয়ে করার প্রয়োজন নেই।' জিনহি একা নন। চীনের সিভিল অ্যাফেয়ার্স-বিষয়ক মন্ত্রণালয় গত মাসে জানিয়েছে, দেশটিতে নতুন বিয়ের সংখ্যা গত ৩৭ বছরের মধ্যে সর্বনিম্নে গিয়ে ঠেকেছে। গত ৮ বছর ধরেই বিয়ের হার কমতির দিকে রয়েছে। গত বছর দেশটিতে মাত্র ৬৮ লাখ ত্রিশ হাজার দম্পতি বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছে। বিশেষ করে গত শতকের নব্বইয়ের দশকে এবং চলতি শতকের প্রথম দশকে জন্ম নেয়া নারীদের মধ্যে বিয়ে করার আগ্রহ বেশ কম। চীনের আদমশুমারি অনুযায়ী, ২০২০ সালে বিয়ের গড় বয়স ছিল প্রায় ২৯ বছর, যা ২০১০ সালের তুলনায় চার বছর বেশি। লন্ডনের কিংস কলেজের অধ্যাপক ইয়ে ল্যু মনে করেন, চীনে কর্মক্ষেত্রে এখনো লিঙ্গ বৈষম্য ব্যাপকভাবে রয়ে গেছে। একজন নারীকে নিয়োগের ক্ষেত্রে তার সন্তান-সম্ভবা হওয়ার সম্ভাবনা আছে কিনা এবং মাতৃত্বকালীন ছুটির প্রয়োজন পড়বে কিনা তা বিবেচনায় নেওয়া হয়। ফলে অনেক নারী ক্যারিয়ার এবং পারিবারিক জীবনের মধ্য থেকে কোনো একটি বেছে নিতে বাধ্য হচ্ছে বলে মনে করেন তিনি। ইয়ে বলেন, 'যখন নারীরা শিক্ষার পেছনে দীর্ঘ সময় ব্যয় করে তখন স্বাভাবিকভাবেই তারা বিয়ে ও মাতৃত্বে প্রবেশের জন্য একটি বেশী বয়স অবধি অপেক্ষা করে।' মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস ওয়াচ জানিয়েছে, চীনে সন্তান জন্ম দেওয়ার হার ১৯৮০ দশকে ২.৬ শতাংশ ছিল, ২০২১ সালে তা কমে দাঁড়িয়েছে ১.১৫ শতাংশ।



## রাশিয়ার হামলায় শিশুসহ হাসপাতালে ৩১ ইউক্রেনীয়

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের খারকিভ অঞ্চলের পারভোমাইস্কি শহরে হামলা চালিয়েছে রাশিয়া। এই হামলার জেরে নয় শিশুসহ মোট ৩১ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত মঙ্গলবার ইউক্রেন কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে। খবর এএফপির। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির চিফ অব স্টাফ আন্দ্রি ইয়ারমাক বলেন, '২৮ হাজার মানুষের শহর পারভোমাইস্কির একটি আবাসিক ভবনের পার্কিং এলাকায় হামলা চালিয়েছে রুশ বাহিনী। এই হামলার জন্য ৩১ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এর মধ্যে এক বছর ও ১০ মাস বয়সীসহ মোট নয় শিশু রয়েছে।' হাসপাতালে ভর্তি সবাই হামলায় গুরুত্বর আহত হয়েছেন জানিয়ে আন্দ্রি ইয়ারমাক বলেন, 'হামলায় পার্কিং এরিয়াতে থাকা অনেকগুলো যানে আগুন লেগে যায়।'এদিকে, ঘটনাস্থলের একটি ভিডিও পোস্ট করেছেন খারকিভের গভর্নর ওলেগ সিনেগুবভ। ওই ভিডিওতে আগুনে পুড়তে থাকা গাড়িগুলো থেকে কালো ধোঁয়া উড়তে দেখা যায়। খারকিভের আঞ্চলিক রাজধানী থেকে ৮০ কিলোমিটার (৫০ মাইল) দক্ষিণে পারভোমাইস্কি শহরের অবস্থান।



## ছয় মাসে ধনীদের সম্পদ বেড়েছে ৮৫২ বিলিয়ন ডলার

**আন্তর্জাতিক ডেস্ক :** ২০২৩ সালের প্রথম ছয় মাসে বিশ্বের ৫০০ ধনী ব্যক্তির নিট সম্পদ বেড়েছে। এ সময়ের মধ্যে বিশ্বের শীর্ষ ধনীদের সম্পদে নতুন করে যুক্ত হয়েছে ৮৫২ বিলিয়ন ডলার। ব্লুমবার্গের সংকলিত তথ্য অনুযায়ী, ব্লুমবার্গ বিলিয়নিয়ার ইনডেক্সের প্রতিটি সদস্য গত ছয় মাসে প্রতিদিন গড়ে ১৪ মিলিয়ন ডলার আয় করেছেন। ২০২০ সালের শেষার্ধের পরে ২০২৩ সালের প্রথমার্ধই ছিল বিলিয়নিয়ারদের জন্য সেরা অর্ধবছর। বিভিন্ন দেশের কেন্দ্রীয় ব্যাংকের সুদের হার বৃদ্ধি, ইউক্রেনে চলমান যুদ্ধ এবং আঞ্চলিক ব্যাংকগুলোর সংকটের প্রভাবকে অনেকটা কাটিয়ে উঠেছে বিনিয়োগকারীরা। এর ফলে যুক্তরাষ্ট্রের শেয়ারবাজারের উত্থানের সঙ্গে ধনীদের সম্পদ বেড়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে বিনিয়োগকারীদের আগ্রহের কারণে গত ৩০ জুন পর্যন্ত যুক্তরাষ্ট্রের এসঅ্যান্ডপি ৫০০ সূচক ১৬ শতাংশ এবং নাসডাক ১০০ সূচক ৩৯ শতাংশ বেড়েছে। এ বছর ৩০ জুন পর্যন্ত বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি ইলন মাস্কের সম্পদের পরিমাণ বেড়েছে ৯৬.৬ বিলিয়ন ডলার। মেটা প্ল্যাটফর্মস ইনকর্পোরেটেডের সিইও মার্ক জাকারবার্গের ৫৮.৯ বিলিয়ন ডলার সম্পদ বেড়েছে। এদিকে অনেক ধনীর সম্পদমূল্য অবশ্য কমেছে। ব্লুমবার্গের প্রতিবেদন বলছে, শীর্ষ ধনিদের মধ্যে গত ছয় মাসে গৌতম আদানির সম্পদের মূল্য সবচেয়ে বেশি কমেছে।

## মহারাষ্ট্রে ট্রাকচাপায় নিহত বেড়ে ১৫

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের পশ্চিমাঞ্চলীয় প্রদেশ মহারাষ্ট্রে নিয়ন্ত্রণহীন একটি ট্রাকচাপায় নিহতের সংখ্যা বেড়ে ১৫ জন দাঁড়িয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত আরও দুই ডজন মানুষ। মঙ্গলবার মুম্বাই থেকে ৩০০ কিলোমিটার দূরে মুম্বাই-আগ্রা হাইওয়েতে এ ঘটনা ঘটে। এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে হিন্দুস্তান টাইমস। সিসিটিভি ফুটেজে দেখা যায়, গত মঙ্গলবার সকালের দিকে ধুলে জেলার মধ্যপ্রদেশ সীমান্ত লাগোয়া পলাস-নার গ্রামের কাছের একটি মোড়ে বাসস্ট্যান্ডে গাড়ির জন্য অপেক্ষা করছেন অনেক মানুষ। এ সময় দ্রুতগতিতে ছুটে আসা ট্রাকটি একটি সাদা গাড়িকে ধাক্কা মারে। দুমড়ে-মুচড়ে যাওয়া গাড়িটি উল্টে গিয়ে আঘাত হানে আরও কয়েকটি গাড়িতে। ওই সময় বাসস্ট্যান্ডে অপেক্ষারত লোকজনের ওপর আঘাত হানে সাদা গাড়িটি। এতে ঘটনাস্থলেই ১৫ জনের প্রাণহানি ঘটে। আহতদের কাছের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

# মহাবিশ্ব তৈরির রহস্য সন্ধান করছে যে টেলিস্কোপ

**আন্তর্জাতিক ডেস্ক :** বিজ্ঞানের জগতে সবচেয়ে বড় প্রশ্নগুলোর একটি এই মহাবিশ্ব কী দিয়ে তৈরি? এর উত্তর খুঁজতে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে ইউক্লিড নামে ইউরোপীয় একটি টেলিস্কোপ মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছে। এ মিশনের নামও দেওয়া হয়েছে ইউক্লিড, যা দূরবর্তী কোটি কোটি গ্যালাক্সির ছবি তুলে এই বিশ্বব্রহ্মাণ্ডের একটি নিখুঁত ত্রিমাত্রিক বা থ্রিডি ম্যাপ তৈরি করবে। বিজ্ঞানীরা এই ম্যাপের সাহায্যে কথিত ডার্ক ম্যাটার ও ডার্ক এনার্জি সম্পর্কে ধারণা পাওয়ার চেষ্টা করবেন। ধারণা করা হয়, মহাবিশ্বে আমরা যা কিছু দেখি তার সবকিছুর আকার ও বিস্তৃতিকে এই দুটো জিনিসই নিয়ন্ত্রণ করে থাকে। তবে গবেষকরা স্বীকার করে নিয়েছেন যে, এই ডার্ক ম্যাটার ও ডার্ক এনার্জি সম্পর্কে তারা এখন পর্যন্ত তেমন কিছুই জানেন না। এর কোনোটি সরাসরি চিহ্নিতও করা যায় না। এখন এই দুটো বিষয় সম্পর্কে জানতে ইউক্লিডের তৈরি থ্রিডি ম্যাপ ব্যবহার করা হবে। এর সাহায্যে বিজ্ঞানীরা বুঝতে চেষ্টা করবেন ডার্ক এনার্জি ও ডার্ক ম্যাটার মহাবিশ্বের সময় ও স্থানের ওপর কী ধরনের প্রভাব ফেলেছে। যুক্তরাজ্যের ল্যাঙ্কাস্টার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও জ্যোতির্বিজ্ঞানী অধ্যাপক ইসোবেল হুক বলেন, জ্ঞানের এ অভাবের কারণে আমরা আমাদের উৎস সম্পর্কে আসলেই কোনো ব্যাখ্যা দিতে পারি না। তবে ইউক্লিড মিশন থেকে যা কিছু জানা যাবে সেগুলো এই মহাবিশ্বকে বুঝতে আমাদের সাহায্য করবে। 'এ মিশন অনেকটা কোথায় স্থলভূমি আছে তা জানার আগে জাহাজে করে যাত্রা করার মতো। এই গবেষণা থেকে জানার চেষ্টা করব যে, আমরা এ মহাবিশ্বের কোথায় অবস্থান করছি, কীভাবে আজকের পর্যায়ে এসেছি ও বিগ ব্যাং মুহূর্তের পর থেকে কীভাবে অপরূপ সব গ্যালাক্সি তৈরি হলো, কীভাবে তৈরি হলো সৌরজগত এবং জন্ম হলো প্রাণের।' ইউক্লিড টেলিস্কোপটি তৈরিতে খরচ হয়েছে ১৪০ কোটি ইউরো। স্পেস এক্সের ফ্যালকন-৯ রকেটে করে শনিবার কেপ ক্যানাভেরাল থেকে এটিকে মহাকাশে পাঠানো হয়েছে। টেলিস্কোপটি অবস্থান করবে পৃথিবী থেকে ১৫ লাখ কিলোমিটার দূরে।



## চীনে ভয়াবহ বন্যায় নিহত ১৫, নিখোঁজ ৪

**আন্তর্জাতিক ডেস্ক :** চীনের দক্ষিণ-পশ্চিমাঞ্চল চংকিংয়ে প্রবল বৃষ্টি ও বন্যায় অন্তত ১৫ জনের মৃত্যু হয়েছে এবং চারজন নিখোঁজ রয়েছেন। চংকিং পৌরসভায় গত সোমবার থেকে ভারী বৃষ্টির ফলে আকস্মিক বন্যা দেখা দেয়। এতে করে চংকিং-এর চারটি বিভাগে রেড অ্যালার্ট সতর্কতা জারি করে কর্তৃপক্ষ। গতকাল বুধবার স্থানীয় কর্তৃপক্ষের বরাত দিয়ে চীনা গণমাধ্যম শিনহুয়া নিউজ এজেন্সি এক প্রতিবেদনে এ তথ্য জানায়। চীনের সরকারি গণমাধ্যম জানিয়েছে, এ পরিস্থিতিতে জরুরি পরিষেবা বাড়িয়েছে চীনের জরুরী ব্যবস্থাপনা মন্ত্রনালয়। ক্ষতিগ্রস্ত এলাকায় উদ্ধার অভিযান ও ত্রাণ কার্যক্রমে সহায়তার জন্য অন্তত ৪০০টি জরুরি দল পাঠানো হয়েছে। সিনহুয়া নিউজ এজেন্সি জানায়, চীনা প্রেসিডেন্ট শি জিনপিং বাসিন্দাদের নিরাপদ রাখতে এবং ক্ষতি কমাতে "সর্বোচ্চ অগ্রাধিকারচ দেয়ার নির্দেশ দিয়েছেন কর্তৃপক্ষকে।

## বিনোদন

## স্টার সিনেপ্লেক্সে দ্বিগুণ শো পেল 'প্রিয়তমা'

**বিনোদন ডেস্ক :** হলিউড মুভির শো কমিয়ে দেশি সিনেমা 'প্রিয়তমা'র শো বাড়িয়েছে দেশের সর্ববৃহৎ মাল্টিপ্লেক্সে চেইন স্টার সিনেপ্লেক্সে। ঈদের দিন থেকে স্টার সিনেপ্লেক্সে ছবিটির শো ছিল আটটি। মঙ্গলবার সেই শো বেড়েছে। আর বুধবার থেকে শো বেড়ে দাঁড়িয়েছে ১৬টিতে। মঙ্গলবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছেন স্টার সিনেপ্লেক্সের জ্যেষ্ঠ ব্যবস্থাপক (মিডিয়া ও মার্কেটিং) মেজবাহউদ্দিন আহমেদ। রাজধানীর সীমান্ত স্কয়ার ও এসকেএস টাওয়ার শাখায় পূর্বে কোনো শো ছিল না। এই দুটি শাখায় মঙ্গলবার থেকেই ছবিটির প্রদর্শনী শুরু হয়েছে। এ ছাড়াও রাজধানীর বসুন্ধরা স্টার সিনেপ্লেক্সে মঙ্গলবার বর্ধিত চারটি শো চললেও বুধবার রাখা হয় ছয়টি। সনি স্কয়ারে মঙ্গলবার দুটি শো চললেও আগামী শুক্রবারে রয়েছে চারটি। মঙ্গলবার চট্টগ্রামের বালি আর্কেডে দুটি শো থাকলেও গতকাল বুধবার চলে চারটি। এ ছাড়াও ঢাকার বঙ্গবন্ধু মিলিটারি মিউজিয়াম ও রাজশাহীর হাইটেক পার্ক শাখায় সিনেমাটি চলছে। তবে শুক্রবার পর্যন্ত কোনো শো বাড়েনি। মঙ্গলবার সন্ধ্যায় মেজবাহউদ্দিন আহমেদ বলেন, 'আমরা অবাক হয়ে লক্ষ করছি যে স্টার সিনেপ্লেক্সে শাকিব খানের সিনেমা দেখা দর্শক অনেকে বেড়ে গেছে। দর্শকের প্রচুর চাপ অনুভব করেছি, তাই বাধ্য হয়ে শো বাড়িয়েছি। আমরা স্বীকার করি, বাংলা চলচ্চিত্রে দেশের সবচেয়ে বড় তারকা শাকিব খান। তার সারা দেশে প্রচুর ভক্ত রয়েছে। এই ঈদে আমরা নতুন করে অনুভব করলাম স্টার সিনেপ্লেক্সেও চাহিদার চেয়ে অনেক বেশি দর্শক আসছে। প্রয়োজনে আমরা আরো শো বাড়াব।' হলিউডের চলমান সিনেমার শো কমিয়েই শাকিব খানের 'প্রিয়তমা'র শো বাড়ানো হয়েছে উল্লেখ করে স্টার সিনেপ্লেক্সের এই কর্মকর্তা বলেন, "এই মুহূর্তে দেশি সিনেমার শো কমানোর সুযোগ নেই। তাই হলিউডের চলমান সিনেমার শো আমাদের কমাতে হয়েছে। সেসব জায়গায় আমরা বাংলাদেশের সিনেমার শো বাড়িয়েছে।



## জুনিয়র এনটিআরের সঙ্গী এবার পল্লবী

**বিনোদন ডেস্ক :** ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় চিত্রনায়ক জুনিয়র এনটিআর। ২০১৬ সালে পরিচালক কোরাতলা শিবা তাকে নিয়ে নির্মাণ করেন 'জনতা গ্যারেজ' সিনেমা। অর্ধযুগ পর এ নায়ককে নিয়ে ফের নির্মাণ করছেন 'এনটিআর৩০' শিরোনামে একটি সিনেমা। বর্তমানে এ সিনেমার নাম রাখা হয়েছে 'দেভারা'। সিনেমাটির কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছেন জুনিয়র এনটিআর। তার বিপরীতে চূড়ান্ত করা হয়েছে শ্রীদেবী কন্যা জাহ্নবী কাপুরকে। এবার সিনেমাটিতে যুক্ত হতে যাচ্ছেন দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেত্রী সাই পল্লবী। এতে জুনিয়র এনটিআরের স্ত্রীর চরিত্রে দেখা যাবে তাকে। টলিউড ডটনেট জানিয়েছে, সিনেমাটিতে জুনিয়র এনটিআরের স্ত্রীর চরিত্রে অভিনয় করবেন সাই পল্লবী। সিনেমাটিতে জুনিয়র এনটিআরের বিপরীতে দ্বিতীয় কেন্দ্রীয় নারী চরিত্রে অভিনয় করবেন তিনি। সাই পল্লবীর এই অংশ ফ্ল্যাশব্যাকে দেখানো হবে। 'দেভারা' সিনেমায় সাই পল্লবীর অভিনয় করতে যাওয়ার খবর সোশ্যাল মিডিয়াতেও ভেসে বেড়াচ্ছে।



## আবারও কলকাতার সিনেমায় চঞ্চল

**বিনোদন ডেস্ক :** গত মঙ্গলবার রাতের একটি পোস্ট। দুজন হাসিমুখে গা ঘেঁষে বসে আছেন। একজন পরিচালক, অন্যজন অভিনেতা। একজনের ঝুলিতে অসংখ্য সফল ছবি। অভিনেতা চঞ্চল চৌধুরী এবং পরিচালক প্রসূন চট্টোপাধ্যায়ের একসঙ্গে ছবি দেখে শুরু গুঞ্জন। নর্থ আমেরিকান বেঙ্গলি কনফারেন্সে (এনএবিসি) যোগ দিতে এই মুহূর্তে যুক্তরাষ্ট্রে রয়েছেন কলকাতার অনেকেই। আবার বাংলাদেশি অনেক তারকাও এই মুহূর্তে যুক্তরাষ্ট্রে রয়েছেন। একটি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে যগ দিতে গেছেন তারা। সেই সূত্রেই প্রসূন ও চঞ্চলের দেখা হয়ে গেল। হোটেল ঘরে দুজন একসঙ্গে একই ফ্রেমে ধরা দিলেন। যে ছবি ফেসবুকে পোস্ট করেছেন পরিচালক। 'দোস্তজী' ছবির মাধ্যমে এই মুহূর্তে এই নামটা সকলেরই পরিচিত। আর চঞ্চলের জনপ্রিয়তা দিন দিন ছড়িয়ে পড়েছে দেশ ছাড়িয়ে বিদেশে। তার অভিনীত বেশ কিছু সিনেমা এবং সিরিজ নিয়ে আলোচনার শেষ নেই। তাই দুজনকে এক ফ্রেমে দেখে তৈরি হয়েছে উত্তেজনা। প্রসূন নিজেদের ছবি পোস্ট করে লেখেন, 'এবার তাহলে এক নতুন পদ রান্না করা যাক!' সৃজিত মুখোপাধ্যায়ের পর এবার কি তবে প্রসূনের ছবির প্রস্তুতি শুরু করে দিলেন চঞ্চল? নিউ ইয়র্ক থেকে প্রসূন বললেন, 'এখনো কিছু চূড়ান্ত হয়নি।'

## ধর্ম পালন প্রসঙ্গে মুখ খুললেন দীঘি

**বিনোদন ডেস্ক :** অভিনেত্রী প্রার্থনা ফারদিন দীঘির মা অভিনেত্রী দোয়েল ইসলাম ধর্মের অনুসারী হলেও বাবা সুব্রত চক্রবর্তীকে হিন্দু ধর্মের অনুসারী বলে জানেন দর্শক। তাই স্বাভাবিকভাবেই প্রশ্ন উঁকি দেয়-কার ধর্ম বেছে নিয়েছেন দীঘি, বাবা নাকি মায়ের? এই প্রশ্নের উত্তর দিয়েছেন অভিনেত্রী প্রার্থনা ফারদিন দীঘি। সম্প্রতি একটি টেলিভিশনের মুখোমুখি হয়েছিলেন অভিনেত্রী। সেখানে ঝাপসা এই প্রশ্নকে স্বচ্ছ করে দিয়েছেন। শিশুশিল্পী হিসেবে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছিলেন প্রার্থনা ফারদিন দীঘি। তার অভিনয়ে অভিভূত হননি এমন মানুষ কমই আছেন। তার অনুরাগীর সংখ্যাও বেশ। ধর্মের বিষয়ে যে প্রশ্নের উদ্রেক হয়, তার উত্তরে প্রার্থনা ফারদিন দীঘি বলেন, 'অনেকের মধ্যে আমাকে নিয়ে এই প্রশ্ন উঁকি দেয়। আমার বাবা চিত্রনায়ক সুব্রত হিন্দু ধর্মের অনুসারী ছিলেন। কিন্তু মাকে বিয়ের পর তিনি ইসলাম ধর্ম গ্রহণ করেন। তার পর থেকে আমাদের পরিবার ইসলাম ধর্মের অনুসারী। আমি, আমার ভাইও ইসলাম ধর্ম পালন করি। তবে আমি বিশ্বাস করি, ধর্ম যার যার উৎসব সবার।' প্রার্থনা ফারদিন দীঘি ছোটবেলায় বাবার কাছে ময়না পাখির নাম ধরে ডাকার সংলাপ বলে দেশজুড়ে সাড়া ফেলেছিলেন।



## ঈদে অনলাইনে মিমের বাজিমাত

**বিনোদন প্রতিবেদক :** এবারের ঈদে দেশীয় চলচ্চিত্রের জয়জয়কার। এরইমধ্যে আলোচনা তৈরি করেছেন বিদ্যা সিনহা মিম। এই ঈদে তো মিমের কোনো সিনেমা মুক্তি পায়নি, তার পরও আলোচনায় কেন? আলোচনা তো হওয়ার কথা বুবলী, অপু কিংবা ইধিকা পালকে নিয়ে?হচ্ছেও তাই। এমন প্রশ্ন কেউ কেউ করলে তার উত্তর দিচ্ছেন নেটিজেনরাই। বিদ্যা সিনহা মিম আলোচনা তৈরি করেছেন অনলাইন জগতে। ওটিটিতে মুক্তি পেয়েছে ওয়েব সিরিজ 'মিশন হান্টডাউন'। দেশের জঙ্গি দমন নিয়ে কাউন্টার টেররিজম ইউনিটের একটি অভিযানের ওপর নির্ভর করে নির্মিত হয়েছে সিরিজটি। গ্রামের সাধারণ মেয়ে নীরার সদ্য বিবাহিত নিখোঁজ স্বামীকে খোঁজার মিশন দিয়ে শুরু হয় সিরিজ। এই নীরা চরিত্রটিই করেছেন মিম। বাইরে থেকে সাধারণ মেয়ে বলা হলেও বিদ্যা সিনহা মিম শুরু থেকেই এক রহস্যময় তরুণী হিসেবে আবির্ভূত হন। সিকোয়েন্সের পর সিকোয়েন্স মিমের উপস্থিতি, অভিনয়, অভিব্যক্তি দর্শকদের সিরিজটির ওপর দৃষ্টি নিবদ্ধ করতে বাধ্য করেছে, এমনটাই বলছেন নেটিজেনরা। যদিও এই সিরিজে এফ এস নাঈম, সুমিত সেনগুপ্ত, জয় রাজ, নিশাত প্রিয়ম যথার্থ অভিনয় করে গেছেন। প্রত্যেকের বিষয়েই আলাদা আলাদা করে বিশদে বলা যায়। আরো অভিনয়ে করেছেন এ কে আজাদ সেতু, হাসনাত রিপন, শাহরিয়ার ফেরদৌস সজীব, সাদিয়া আফরিম মাহি, পূজা এগনেজ ক্রুজ, মীর রাব্বি, নীশা চৌধুরী, আশরাফুল আশীষ। তাদের বিষয়েও লেখার সুযোগ রয়েছে। গল্পের মাঝখানে এক নারী বোমা নিয়ে যেভাবে বিদ্যা সিনহা মিমকে কনভিন্স করে একটা হামলায় অংশ নিতে পাঠায় তাতে করে সাময়িকভাবে কেরালা স্টোরির কথা মনে পড়ে যাবে দর্শকের। যদিও ভারতের দক্ষিণী ওই সিনেমার সঙ্গে কোনো মিলই নেই এই সিরিজের?নেট নাগরিকদের এমনই অভিমত। মিশন হান্টডাউন মূলত পুলিশের অ্যান্টিটেররিজম ইউনিটের একটি মিশন। একটি জঙ্গি গ্রুপ দেশের সংস্কৃতিকে ধ্বংস করার জন্য একের পর এক হত্যাযজ্ঞ চালাতে থাকে, এমনকি ইউনিটের প্রধান নাঈমের স্ত্রীকেও চোখের সামনে গলা কেটে হত্যা করে পালিয়ে যায় জঙ্গিরা। এমন একটি মিশনে জড়িয়ে যান মিম। মিম কেন জড়া?এই রহস্যের সমাধান শেষ মুহূর্তের পূর্বে কোনোভাবেই দর্শকের অনুমেয় হবে না।

